# Remitly-এর ব্যবহারকারীর চুক্তি

**কার্যকর হওয়ার তারিখ:** 23 ফেব্রুয়ারি, 2026

**Remitly-কে বেছে নেওয়ার জন্য ধন্যবাদ,** যেখানে আমরা দেশের সীমানা ছাড়িয়ে বিশ্বস্ত আর্থিক পরিষেবা পৌঁছে দিয়ে আপনাদের জীবনে পরিবর্তন নিয়ে আসতে সচেষ্ট। এই ব্যবহারকারীর চুক্তি (**"চুক্তি"**) হল Remitly এবং আপনার মধ্যে একটি চুক্তি। এই চুক্তিতে সেই সমস্ত নিয়ম ও শর্তাবলীর কথা বলা হয়েছে যা এইসব ক্ষেত্রে প্রযোজ্য হয়: (i) আপনি www.remitly.com এবং তার সাবডোমেনে থাকা ওয়েবসাইট ব্যবহার করলে, (ii) এই ব্যবহারকারীর চুক্তি মেনে আমাদের দেওয়া যেকোনো মোবাইল অ্যাপ্লিকেশন (প্রত্যেকটিকে একটি "**মোবাইল অ্যাপ**" হিসাবে বোঝানো হয়) এবং (iii) আমাদের ওয়েবসাইট অথবা মোবাইলে অ্যাপে উপলভ্য অথবা তাদের মাধ্যমে চালু পরিষেবা, কন্টেন্ট এবং অন্যান্য সংস্থান (আমাদের মোবাইল অ্যাপ এবং ওয়েবসাইটের সাথে একসাথে একে "Remitly **পরিষেবা**" বলা হয়)। এই চুক্তিটি শুধুমাত্র মার্কিন যুক্তরাষ্ট্রের Remitly অ্যাকাউন্টের ক্ষেত্রে প্রযোজ্য।

**অনুগ্রহ করে এই চুক্তিটি মনোযোগ সহকারে পড়ুন। এই চুক্তির শর্তাবলী আইনিভাবে বাধ্যতামূলক।**

এই চুক্তিটি আপনার Remitly অ্যাকাউন্ট এবং সেই অ্যাকাউন্টের মাধ্যমে আমরা যে Remitly পরিষেবাগুলি উপলভ্য করাই, সেগুলির ব্যবহার নিয়ন্ত্রণ করে। নির্দিষ্ট Remitly পরিষেবাগুলির ক্ষেত্রে অতিরিক্ত বা সম্পূরক শর্তাবলী প্রযোজ্য হতে পারে, যা রেফারেন্স হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। বিরোধের ক্ষেত্রে, পরিষেবা-নির্দিষ্ট শর্তাবলী প্রাধান্য পাবে।

এই চুক্তিটি REMITLY পরিষেবার ব্যবহারকে নিয়ন্ত্রণ করে এবং REMITLY পরিষেবাটি ভিজিট বা অ্যাক্সেস করা সমস্ত ব্যবহারকারীদের ক্ষেত্রে প্রযোজ্য। যেকোনো উপায়ে REMITLY পরিষেবা অ্যাক্সেস করে বা ব্যবহার করে, অ্যাকাউন্ট নিবন্ধন প্রক্রিয়া সম্পূর্ণ করে, ওয়েবসাইট ব্রাউজ করে বা অ্যাপ্লিকেশন ডাউনলোড করে, আপনি নিশ্চিত করছেন যে: (1) আপনি চুক্তিটি পড়েছেন, বুঝেছেন এবং এটি দ্বারা আবদ্ধ হতে সম্মত হয়েছেন (2) REMITLY-এর সাথে একটি বাধ্যতামূলক চুক্তিতে আবদ্ধ হওয়ার জন্য আপনি আইনত প্রাপ্তবয়স্ক; এবং (3) আপনাকে মার্কিন যুক্তরাষ্ট্রের আইন, আপনার বসবাসের স্থান বা অন্য কোনো প্রযোজ্য আইনি অঞ্চলের অধীনে REMITLY পরিষেবা ব্যবহার করতে বাধা দেওয়া হয়নি। আপনি যদি এই চুক্তির শর্তাবলী দ্বারা আবদ্ধ হতে সম্মত না হন, তাহলে Remitly পরিষেবাগুলি ব্যবহার করবেন না। যদি, Remitly অ্যাকাউন্ট খোলার পরে, আপনি এই চুক্তিটি বাতিল করতে চান, তাহলে আপনি নিজের Remitly অ্যাকাউন্ট বন্ধ করার মাধ্যমে তা করতে পারেন।

**এই ব্যবহারকারীর চুক্তিতে ("চুক্তি") একটি বিবাদ নিষ্পত্তি এবং বাধ্যতামূলক সালিশি সংক্রান্ত বিধান, ক্লাস অ্যাকশন পরিত্যাগ এবং জুরির মাধ্যমে বিচার চাওয়ার ব্যাপারে আপনার অধিকার পরিত্যাগের কথা রয়েছে, যা REMITLY এবং সংশ্লিষ্ট যেকোনো পক্ষের সাথে হতে পারা বিবাদের ক্ষেত্রে আপনার অধিকারকে প্রভাবিত করে। অনুগ্রহ করে নিচে দেওয়া ধারা 19 মনোযোগ সহকারে পর্যালোচনা করুন।**

**অন্যান্য চুক্তি এবং নীতি যা আপনাকে অবশ্যই মেনে চলতে হবে।** এছাড়াও Remitly পরিষেবাগুলি ব্যবহার করে, আপনি আমাদের (i) [গোপনীয়তা নীতি](https://www.remitly.com/us/en/home/policy), (ii) [ই-স্বাক্ষর প্রকাশ ও সম্মতি](https://www.remitly.com/us/en/home/esign) এবং (iii) [কুকি নীতি](https://www.remitly.com/us/en/home/cookies) গ্রহণ করছেন।

**Remitly পরিষেবা ব্যবহার করা।** Remitly পরিষেবা এবং এর কিছু নির্দিষ্ট বৈশিষ্ট্যগুলি অ্যাক্সেস করার জন্য, আপনাকে একটি অ্যাকাউন্ট (একটি **"Remitly অ্যাকাউন্ট"**) নিবন্ধন করতে হবে। একটি Remitly অ্যাকাউন্ট খুলতে, আপনাকে অবশ্যই নিজের ইমেইল ঠিকানা আমাদের দিতে হবে এবং Remitly ওয়েবসাইট বা মোবাইল অ্যাপের মাধ্যমে পাসওয়ার্ড তৈরি করতে হবে। আপনার পরিচয় যাচাই করার জন্য আমাদের গ্রহণ করতে হবে এমন যেকোনো প্রয়োজনীয় পদক্ষেপ সফলভাবে সম্পূর্ণ হওয়ার পর, আপনি নিজের Remitly অ্যাকাউন্টে অ্যাক্সেস পাবেন যেখানে আপনি আমাদের পরিষেবাগুলি ব্যবহার করতে পারবেন, আপনার Remitly অ্যাকাউন্টের লেনদেনের ইতিহাস পর্যালোচনা করতে পারবেন এবং আরও অনেক কিছু করতে পারবেন।

**অ্যাকাউন্টের নিরাপত্তা।** আপনি শুধুমাত্র নিজের জন্যই Remitly পরিষেবাগুলি ব্যবহার করতে পারবেন। এর অর্থ হল আপনি অন্য কোনো ব্যক্তির হয়ে Remitly অ্যাকাউন্ট তৈরি করতে বা Remitly পরিষেবাগুলি ব্যবহার করতে পারবেন না এবং আপনি নিজের Remitly অ্যাকাউন্টের তথ্য, বিশেষ করে আপনার Remitly অ্যাকাউন্টের পাসওয়ার্ড, অন্য কারও সাথে শেয়ার করতে পারবেন না যাতে তারা আপনার হয়ে Remitly পরিষেবাগুলি ব্যবহার করতে পারে। আপনার যদি মনে হয় যে অন্য কেউ আপনার Remitly অ্যাকাউন্ট অ্যাক্সেস করে থাকতে পারে, তাহলে যত তাড়াতাড়ি সম্ভব আপনাকে আমাদের জানাতে হবে। **অনুগ্রহ করে এটাও মনে রাখবেন যে আমরা কখনই আপনার Remitly অ্যাকাউন্টের পাসওয়ার্ড চাইব না।** আমরা কীভাবে আপনার তথ্য সংগ্রহ, সঞ্চয় এবং শেয়ার করি সে সম্পর্কে জানতে, অনুগ্রহ করে আমাদের [গোপনীয়তা নীতি](https://www.remitly.com/us/en/home/policy) দেখুন।

**অভিযোগ, বিবাদ বা অন্যান্য সমস্যার জন্য কীভাবে আমাদের সাথে যোগাযোগ করবেন।** আমরা আশা করি

আপনি নিজের Remitly অ্যাকাউন্ট ব্যবহার করতে পছন্দ করবেন এবং আমরা আপনাকে যে পরিষেবাগুলি দিই তা সবসময় আপনার প্রত্যাশা পূরণ করবে। যদি আমরা আপনার প্রত্যাশা পূরণ করতে না পারি, তাহলে অনুগ্রহ করে আমাদের [অভিযোগের পেজ](https://www.remitly.com/us/bn/help/article/complaints-process?language=enUS)-এর মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করুন, 1-844-604-0924 নম্বরে আমাদের কল করুন অথবা [us-complaints@remitly.com](mailto:us-complaints@remitly.com)-এ ইমেইল পাঠান যাতে আমরা সমস্যার সমাধান করার চেষ্টা করতে পারি। আপনি যদি কোনো সময় আমাদের পরিষেবা ব্যবহার করা বন্ধ করতে চান, তাহলে অনুগ্রহ করে আপনার অ্যাকাউন্ট বন্ধ করুন অথবা সহায়তার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন।

## 1\. এই ব্যবহারকারীর চুক্তি সম্পর্কে

1. **আমাদের সম্পর্কে।** আমরা Remitly, Inc., ডেলাওয়্যার মার্কিন যুক্তরাষ্ট্রের একটি কর্পোরেশন যার সদর দপ্তর সিয়াটেল, ওয়াশিংটনে রয়েছে। কর্মচারী, পরিচালক, সহযোগী, উত্তরাধিকারী, এবং দায়িত্বপ্রাপ্তদের সহ আমাদেরকে এই চুক্তিতে **"Remitly"**, **"আমরা"**, **"আমাদের"** এবং **"আমাদিগের"** হিসাবেও উল্লেখ করা হয়েছে।

2. **আপনার সম্পর্কে।** যখন আমরা এই চুক্তিতে **"আপনি"** এবং **"আপনার"** বলি, তখন Remitly অ্যাকাউন্টের ধারক এবং পরিষেবাটির ব্যবহারকারী হিসাবে আপনাকে বোঝানো হয়।

3. **আপনার Remitly অ্যাকাউন্ট। Remitly অ্যাকাউন্ট** হল Remitly দ্বারা প্রদত্ত একটি অ্যাকাউন্ট যা আমাদের গ্রাহকদের Remitly-এর পরিষেবাগুলি অ্যাক্সেস করার সুযোগ দেয়, যার মধ্যে একটি হল অন্যান্য দেশ এবং অঞ্চলের লোকেদের কাছে টাকা ট্রান্সফার করার সুযোগ দেওয়া। যেখানে উল্লেখ করা হয়েছে, এই চুক্তির নির্দিষ্ট শর্তাবলী নিচে বর্ণিত এই Remitly মানি ট্রান্সফার পরিষেবার ("**মানি ট্রান্সফার পরিষেবা**") ক্ষেত্রে প্রযোজ্য হবে। আপনার Remitly অ্যাকাউন্টে অন্যান্য Remitly পরিষেবা ব্যবহার করতে, যেমন Remitly অ্যাকাউন্টে টাকা জমা রাখতে, আপনাকে অবশ্যই আমাদের যোগ্যতার শর্তাবলী পূরণ করতে হবে এবং প্রতিটি পরিষেবার জন্য আলাদাভাবে শর্তাবলীতে সম্মত হতে হবে। অন্যান্য Remitly পরিষেবার ক্ষেত্রে পরিষেবা-নির্দিষ্ট শর্তাবলী এবং এই চুক্তির শর্তাবলীর মধ্যে বিরোধ দেখা দিলে, পরিষেবা-নির্দিষ্ট শর্তাবলী প্রাধান্য পাবে।

4. আপনি এই চুক্তির শর্তাবলী (সমস্ত নীতি সহ) স্বীকার করেন এবং তাতে সম্মত হন যখন আপনি:

- এই চুক্তি ইলেকট্রনিক ফর্ম্যাটে আপনাকে দেখানো হলে তা গ্রহণ করেন, যেমন আপনি যখন আমাদের ওয়েবসাইট বা মোবাইল অ্যাপের মাধ্যমে একটি Remitly অ্যাকাউন্ট তৈরি করে Remitly পরিষেবাগুলির জন্য নিবন্ধন করেন; বা
- Remitly পরিষেবাগুলি ব্যবহার করা শুরু করেন বা সেগুলি ব্যবহার করার চেষ্টা করেন,

যার মধ্যে রয়েছে যেকোনো Remitly পরিষেবা অ্যাক্সেস করা, ডাউনলোড করা এবং/অথবা ব্যবহার করা বা একটি Remitly অ্যাকাউন্ট তৈরি করা। এই ধরনের পরিস্থিতিতে, আমরা আপনার দ্বারা Remitly পরিষেবাগুলির ব্যবহারকে এই চুক্তিতে আপনার স্বীকৃতি হিসাবে বিবেচনা করব।

5. এই চুক্তিটি স্বীকার করে, আপনি নিম্নলিখিত অতিরিক্ত নীতিগুলিতে ("**নীতি**") সম্মতি দিচ্ছেন এবং এগুলি মেনে চলতে রাজি হচ্ছেন:

- [ইলেকট্রনিক যোগাযোগ ডেলিভারি সংক্রান্ত নীতি](https://www.remitly.com/us/en/home/esign)
- [গোপনীয়তা নীতি](https://www.remitly.com/us/en/home/policy)
- [কুকি নীতি](https://www.remitly.com/gb/en/home/cookies)।

6. আমাদের একান্ত বিবেচনার ভিত্তিতে, Remitly যেকোনো সময়ে এই চুক্তির কিছু অংশ পরিবর্তন, যোগ বা অপসারণ করা সহ, এই চুক্তি বা উপরে তালিকাভুক্ত যেকোনো নীতি সংশোধন করার অধিকার সংরক্ষণ করে। যদি আমাদের পরিবর্তনগুলি এই চুক্তির অধীনে আপনার অধিকার হ্রাস করে বা আপনার দায়িত্ব বৃদ্ধি করে তবে আমরা আপনাকে 30-দিনের নোটিশ প্রদান করব। এই চুক্তিতে করা যেকোনো পরিবর্তন কার্যকর হওয়ার পরে যেকোনো Remitly পরিষেবা ব্যবহার করা চালিয়ে যাওয়ার মাধ্যমে, আপনি পরিবর্তনগুলির সাথে সম্মত হবেন এবং তা স্বীকার করবেন। আপনি যেকোনো সময় আমাদের ওয়েবসাইটে [ব্যবহারকারীর চুক্তি](https://www.remitly.com/us/en/home/agreement) বিভাগে গিয়ে, এই চুক্তির সবচেয়ে বর্তমান সংস্করণটি দেখে নিতে পারবেন। আপনি সম্মত হচ্ছেন যে আপনি এই চুক্তিটি পরিবর্তন করবেন না এবং স্বীকার করছেন যে এই চুক্তিটি পরিবর্তন করার জন্য আপনার যেকোনো প্রচেষ্টা বাতিল করা হবে।

## 2\. পরিষেবা

1. এই শর্তাবলীতে বিস্তারিতভাবে উল্লিখিত মানি ট্রান্সফার পরিষেবাটি নিবন্ধিত ব্যবহারকারীদের মার্কিন যুক্তরাষ্ট্র থেকে Remitly দ্বারা পরিষেবা প্রদান করা অন্যান্য দেশের প্রাপকদের কাছে আন্তর্জাতিক মানি ট্রান্সফার করার সুযোগ দেয়। Remitly যে দেশগুলিতে মানি ট্রান্সফার করতে পারে তার একটি তালিকা আমাদের ওয়েবসাইট এবং মোবাইল অ্যাপে উপলভ্য রয়েছে। Remitly আপনাকে নোটিশ না দিয়েই যেকোনো সময়ে, অস্থায়ী বা স্থায়ী ভিত্তিতে যেকোনো দেশে মানি ট্রান্সফারের সুবিধা বন্ধ করার অধিকার সংরক্ষণ করে।

2. একজন "**প্রেরক**" টাকা পাঠাতে মানি ট্রান্সফার পরিষেবাটি ব্যবহার করেন এবং একজন "**প্রাপক**" মানি ট্রান্সফার পরিষেবাটির মাধ্যমে পাঠানো টাকা গ্রহণ করেন। "**লেনদেন**" বলতে একজন প্রেরকের কাছ থেকে পাওয়া অর্ডারকে বোঝানো হয় যা আমাদেরকে মানি ট্রান্সফার পরিষেবার মাধ্যমে কোনো এক প্রাপকের কাছে টাকা পাঠানোর নির্দেশ দেয়। "**লেনদেনের পরিমাণ**" হল মার্কিন ডলারে যে টাকার পরিমাণ প্রাপকের কাছে

প্রেরণের জন্য প্রেরক Remitly-কে প্রদান করেন। **"পে-আউটের পরিমাণ"** হল প্রাপককে পেমেন্ট করা টাকার পরিমাণ।

**3. মানি ট্রান্সফার পরিষেবাটি শুধুমাত্র এমন লোকেদের কাছে টাকা পাঠাতে ব্যবহার করা উচিত যাদের আপনি চেনেন এবং বিশ্বাস করেন, যেমন পরিবার এবং বন্ধুবান্ধব। আপনি চেনেন না, পরিচিত নন বা বিশ্বাস করেন না এমন লোকেদের টাকা পাঠাতে মানি ট্রান্সফার পরিষেবাটি ব্যবহার করবেন না।**

প্রতারণা সম্পর্কে সবসময় সচেতন থাকুন। আপনি ভালোভাবে চেনেন না এমন কাউকে টাকা পাঠানোর আগে আমরা আপনাকে সাবধানে ভেবে দেখার জন্য অনুরোধ করি। অতি লোভনীয় কোনো ডিল অথবা অফারের ফাঁদে পা দেবেন না যেন। আপনি প্রতারণার শিকার হয়েছেন বা হতে পারেন বলে মনে করলে, অবিলম্বে 1-844-604-0924 নম্বরে আমাদের সাথে যোগাযোগ করুন।

অনুপযুক্তভাবে মানি ট্রান্সফার পরিষেবাটি ব্যবহার করছেন এমন কোনো ব্যক্তি বা সত্তা সম্পর্কে আপনি জানতে পারলে, অনুগ্রহ করে আমাদের [abuse@remitly.com](mailto:abuse@remitly.com) এ ইমেইল করুন। আপনি যদি কোনো জাল (ফিশিং) ইমেইল পান, যা Remitly থেকে পাঠানো হয়েছে বলে দাবি করে, তাহলে অনুগ্রহ করে সেগুলি আমাদের কাছে abuse@remitly.com এ ফরোয়ার্ড করুন।

4. Remitly, Inc. সমগ্র মার্কিন যুক্তরাষ্ট্র জুড়ে একটি লাইসেন্সপ্রাপ্ত অর্থ প্রেরণকারী। Remitly-এর অর্থ প্রেরণের লাইসেন্স সংক্রান্ত অতিরিক্ত তথ্য [আমাদের ওয়েবসাইটের স্টেট লাইসেন্স পেজ](https://www.remitly.com/us/en/home/licenses)-এ পাওয়া যাবে। Remitly, Inc. মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে পরিষেবাটি দেওয়ার জন্য লাইসেন্সপ্রাপ্ত নয়। ফলস্বরূপ, পরিষেবাটি মার্কিন যুক্তরাষ্ট্র ছাড়া অন্য দেশে ব্যবহারের জন্য উপলভ্য নাও হতে পারে।

## 3\. শুরু করা এবং আমাদের পরিষেবা ব্যবহার করা

**1. অ্যাকাউন্ট তৈরি করা।** পরিষেবাটি ব্যবহার করার জন্য, আপনাকে একটি **Remitly অ্যাকাউন্ট** তৈরি করতে হবে। Remitly অ্যাকাউন্ট তৈরি করার এবং মানি ট্রান্সফার পরিষেবা সহ Remitly পরিষেবাগুলি ব্যবহার করার জন্য আপনাকে নিজের সম্পর্কে আমাদেরকে তথ্য দিতে হতে পারে, যেমন আপনার নাম, ঠিকানা, ইমেইল ঠিকানা, ফোন নম্বর, বাড়ির ঠিকানা, জিপ কোড, জন্মতারিখ, সোশ্যাল সিকিউরিটি নম্বর অথবা সরকার-প্রদত্ত পরিচয়ের একটি ফর্ম ইত্যাদি দিতে হতে পারে। আপনার Remitly অ্যাকাউন্ট আমাদেরকে আপনার সম্পর্কে কিছু তথ্য রেকর্ড করার অনুমতি দেয়, যেমনটা আমাদের [গোপনীয়তা নীতি](https://www.remitly.com/us/en/home/policy)-তে ব্যাখ্যা করা হয়েছে।

Remitly অ্যাকাউন্ট তৈরি করার জন্য, আপনি নিম্নলিখিত বিষয়গুলির জন্য দায়ী এবং আপনাকে অবশ্যই:

ক. আমাদের অনুরোধ অনুযায়ী সম্পূর্ণ, সঠিক এবং সত্য তথ্য প্রদান করতে হবে। আমরা আপনার দেওয়া তথ্যগুলি আপনি আমাদের মানি ট্রান্সফার পরিষেবা ব্যবহার করার জন্য যোগ্য কি না তা নির্ধারণ করতেও ব্যবহার করব;

খ. নিরাপত্তার ক্রেডেনশিয়াল তৈরি করতে হবে, যেমন একটি পাসওয়ার্ড বা ব্যক্তিগত শনাক্তকরণ নম্বর, যা Remitly প্রয়োজনীয় বলে মনে করবে (“**নিরাপত্তার ক্রেডেনশিয়াল**”)

গ. যেকোনো Remitly পরিষেবার মাধ্যমে পেমেন্ট করার জন্য উপযুক্ত হলে, আপনাকে অবশ্যই নিজের ব্যাংক অ্যাকাউন্ট, ডেবিট বা ক্রেডিট কার্ডের (প্রত্যেকটি পৃথকভাবে এবং সম্মিলিতভাবে, "**পেমেন্ট ইনস্ট্রুমেন্ট**") মতো পেমেন্টের ইনস্ট্রুমেন্ট সম্পর্কেও তথ্য প্রদান করতে হবে। আপনি যখন পরিষেবা ব্যবহার করার উদ্দেশ্যে আপনার পেমেন্টের ইনস্ট্রুমেন্ট সম্পর্কে আমাদেরকে তথ্য প্রদান করেন, তখন আপনি Remitly-কে সেই তথ্য মানি ট্রান্সফার পরিষেবা সহ Remitly পরিষেবাগুলির জন্য ব্যবহার করার উদ্দেশ্যে ফাইলে সংরক্ষণ করে রাখার সম্মতি দেন। উপরন্তু, আপনি ব্যক্ত করেন এবং নিশ্চয়তা দেন যে:

i. the Payment Instrument is valid, has not expired, and is otherwise in good standing

ii. you are an authorized and lawful user of the Payment Instrument(s); and

iii. each Transaction that you request through the Money Transfer Service complies with this Agreement and applicable laws, regulations, and rules;

and

d. carry out any other action which we, or our third-party Service Providers, may reasonably require for you to access and use the Money Transfer Service.

**2. আপনার Remitly অ্যাকাউন্টের নিরাপত্তা।** আপনার নিরাপত্তার ক্রেডেনশিয়াল সুরক্ষিত করার দায়িত্ব সম্পূর্ণরূপে আপনার। আপনি অবিলম্বে [সহায়তা কেন্দ্রের](https://www.remitly.com/us/en/help/contact) মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করে আপনার পাসওয়ার্ড বা Remitly অ্যাকাউন্টের কোনো অননুমোদিত ব্যবহার বা অন্য যেকোনো নিরাপত্তা লঙ্ঘনের বিষয়ে আমাদের জানাবেন।

**3. আপনাকে শুধুমাত্র নিজের জন্য মানি ট্রান্সফার পরিষেবা ব্যবহার করতে হবে।** আপনি অন্য কোনো ব্যক্তির হয়ে Remitly অ্যাকাউন্ট তৈরি করবেন না এবং লেনদেন জমা দেবেন না। এই চুক্তির অধীনে আমাদের মানি ট্রান্সফার পরিষেবা শুধুমাত্র উপভোক্তাদের জন্য উপলভ্য করানো হয়েছে, যার অর্থ হল ব্যক্তিদের দ্বারা ব্যক্তিগত, পারিবারিক বা গৃহস্থালী প্রয়োজনে ব্যবহারের জন্য। এই চুক্তির শর্তাবলীর অধীনে ব্যবসায়িক উদ্দেশ্যে সহ অন্য যেকোনো উদ্দেশ্যে আমাদের মানি ট্রান্সফার পরিষেবা ব্যবহার করলে, আপনি এই চুক্তি লঙ্ঘন করবেন। আপনার ব্যবসার জন্য আমাদের আন্তর্জাতিক মানি ট্রান্সফার পরিষেবাগুলি ব্যবহার করতে, অনুগ্রহ করে আমাদের [ব্যবসায়িক অ্যাকাউন্টের চুক্তি](https://www.remitly.com/us/en/home/agreement-business)-তে বর্ণিত বিবরণ অনুযায়ী একটি ব্যবসায়িক অ্যাকাউন্ট খুলুন। আমরা আপনার প্রতি কোনো দায়বদ্ধতা ছাড়াই যেকোনো সময় আপনার Remitly অ্যাকাউন্ট বন্ধ করার, আপনার জন্য Remitly পরিষেবা স্থগিত বা বন্ধ করার অথবা আমাদের Remitly পরিষেবাগুলির ব্যবহার বন্ধ করার অধিকার সংরক্ষণ করি।

## 4\. মানি ট্রান্সফার পরিষেবা ব্যবহারের জন্য যোগ্যতার শর্তাবলী

**1. বয়স ও সামর্থ্য।** একটি Remitly অ্যাকাউন্ট তৈরি করতে বা প্রেরক হিসাবে মানি ট্রান্সফার পরিষেবাটি ব্যবহার করতে আপনার বয়স অবশ্যই কমপক্ষে আঠারো (18) বছর হতে হবে। একটি Remitly অ্যাকাউন্ট খোলার মাধ্যমে, আপনি জানাচ্ছেন যে আপনার বয়স 18 বছর বা তার বেশি। আপনাকে অবশ্যই প্রযোজ্য আইনের অধীনে আইনিভাবে বাধ্যতামূলক চুক্তিতে আবদ্ধ হতে সক্ষম হতে হবে। অন্যান্য বিধিনিষেধ প্রযোজ্য হতে পারে।

**2. মার্কিন যুক্তরাষ্ট্রের বসবাসকারী হতে হবে।** Remitly কর্তৃক অন্যথায় বিশেষভাবে সম্মত না হলে, মানি ট্রান্সফার পরিষেবাটি শুধুমাত্র মার্কিন যুক্তরাষ্ট্রের বাসিন্দাদের জন্য উপলভ্য। আপনি যদি দীর্ঘ সময়ের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে থাকেন, তাহলে আমরা মানি ট্রান্সফার পরিষেবাতে আপনার অ্যাক্সেস স্থগিত করতে পারি।

**3. অফার এবং স্বীকৃতি।** আপনি যদি একটি লেনদেন জমা দেন তাহলে আপনি অনুরোধ করছেন যে আমরা আপনার লেনদেনটি প্রক্রিয়া করি, যা একটি প্রস্তাব যেটি আমরা আমাদের একান্ত বিবেচনার ভিত্তিতে গ্রহণ বা প্রত্যাখ্যান করতে পারি।

**4. একাধিক অ্যাকাউন্ট।** Remitly পরিষেবা ব্যবহারের জন্য আপনার কাছে কেবল একটি সক্রিয় উপভোক্তা Remitly অ্যাকাউন্ট থাকতে পারে। যদি আমরা নির্ধারণ করি যে আপনি একাধিক Remitly

অ্যাকাউন্ট ব্যবহার করছেন, তাহলে আমরা এক বা একাধিক Remitly অ্যাকাউন্ট একত্রিত বা বন্ধ করার, আপনার Remitly পরিষেবার ব্যবহার সীমিত করার বা আপনার Remitly অ্যাকাউন্টের ব্যবহার স্থগিত করার অধিকার সংরক্ষণ করি।

## 5\. আপনার পরিচয় যাচাই করা

1. **সাধারণ।** স্টেট এবং ফেডারেল আইনের প্রয়োজনীয়তা অনুযায়ী এবং আমাদের সিস্টেমকে সুরক্ষিত রাখতে, আমাদেরকে আপনার পরিচয় যাচাই করতে হবে এবং আপনি আমাদের প্রদান করেন এমন কিছু তথ্য আমাদের [গোপনীয়তা নীতি](https://www.remitly.com/us/bn/home/policy)-এর সাথে সামঞ্জস্যপূর্ণভাবে রাখতে হবে।

2. **গ্রাহক শনাক্তকরণ সংক্রান্ত প্রয়োজনীয়তা।** প্রযোজ্য অ্যান্টি-মানি লন্ডারিং এবং কাউন্টার-টেররিজম ফাইন্যান্সিং সংক্রান্ত আইনের বাধ্যবাধকতাগুলি মেনে চলার জন্য, আমাদেরকে আপনার সম্পর্কে শনাক্তকরণ তথ্য সংগ্রহ, যাচাই এবং রেকর্ড করতে হতে পারে। আমাদের আইনি এবং নিয়ন্ত্রক বাধ্যবাধকতাগুলি মেনে, আমাদের আপনার কাছ থেকে জনসমক্ষে উপলভ্য নেই এমন, ব্যক্তিগত এবং আপনার পরিচয়ের তথ্য চাইতে হতে পারে। এছাড়াও আমরা আইনসম্মতভাবে অন্যান্য উৎস থেকে আপনার সম্পর্কে তথ্য সংগ্রহ করতে পারি।

3. **অনুমোদন।** আপনি আমাদের যে তথ্য দেন তার সত্যতা যাচাই করতে আমরা প্রয়োজন মনে করলে, আপনাকে অথবা অন্যদের জিজ্ঞাসাবাদ করব এবং আপনি এই জিজ্ঞাসাবাদে সম্মতি জানাচ্ছেন। আমরা তৃতীয় পক্ষের ডেটাবেস বা অন্যান্য উৎসের মাধ্যমে আপনার পরিচয় যাচাই করার জন্য আপনার কাছ থেকে অতিরিক্ত তথ্যের অনুরোধ করার এবং আপনার ইমেইল ঠিকানা বা পেমেন্ট ইনস্ট্রুমেন্টের মালিকানা নিশ্চিত করতে আপনার পক্ষে পদক্ষেপ নেওয়াটা আবশ্যক করার অধিকার সংরক্ষণ করি।

## 6\. লেনদেন পাঠানো

1. **সাধারণ।** আপনার Remitly অ্যাকাউন্ট ব্যবহার করে, আপনি আপনার এবং প্রাপকের সম্পর্কে আমাদেরকে তথ্য প্রদান করে একজন প্রাপকের কাছে টাকা পাঠাতে পারবেন। আপনি প্রাপকের কাছে টাকা পাঠাতে পারেন, এবং প্রাপক আপনার পাঠানো ফান্ড গ্রহণ করতে পারবেন, এমনকি যদি তার কাছে Remitly অ্যাকাউন্ট না থাকে বা তিনি Remitly পরিষেবা ব্যবহার না করেন তাহলেও।

2. **আপনার লেনদেন প্রক্রিয়া করা।** আপনি যদি লেনদেন জমা দেন, তাহলে আপনি অনুরোধ করছেন যে আমরা যেন সেই লেনদেনটি প্রক্রিয়া করি। আপনি মানি ট্রান্সফার পরিষেবার মাধ্যমে একটি লেনদেন শুরু করার এবং আপনার হয়ে আমাদেরকে একটি লেনদেন প্রক্রিয়া করার জন্য, আপনাকে অবশ্যই একটি কার্যকর পেমেন্ট ইনস্ট্রুমেন্ট সম্পর্কে তথ্য প্রদান করতে হবে যেটি আপনি নিজের Remitly অ্যাকাউন্টের মাধ্যমে

আপনার লেনদেনের জন্য ফান্ড যোগ করার উদ্দেশ্যে ব্যবহার করতে চান। আমরা আপনার নির্বাচিত পেমেন্ট ইনস্ট্রুমেন্ট ব্যবহার করে আপনার লেনদেন প্রক্রিয়া করতে না পারলে, আমরা আপনাকে জানাব এবং আপনার লেনদেন সম্পূর্ণ করার জন্য অন্য একটি পেমেন্ট ইনস্ট্রুমেন্ট বেছে নেওয়ার অনুরোধ করব। আপনি সম্মত হচ্ছেন যে আমরা এই চুক্তির শর্তাবলীর অধীনে আপনার লেনদেন প্রক্রিয়া করার জন্য আপনার প্রস্তাব গ্রহণ বা প্রত্যাখ্যান করতে পারি। আপনার অনুরোধ করা এমন কোনো লেনদেন সম্পাদন করার জন্য আমাদের কোনোরকম বাধ্যবাধকতা থাকবে না যদি, উদাহরণস্বরূপ, আপনি এই চুক্তিতে নির্ধারিত আপনার কোনো বাধ্যবাধকতা ভঙ্গ করে থাকেন।

3. **ব্যাংক অ্যাকাউন্ট পেমেন্টের অনুমোদন।** যখন আপনি কোনো লেনদেনের জন্য ফান্ড যোগ করবেন এবং/অথবা আপনার ব্যাংক অ্যাকাউন্টকে পেমেন্ট ইনস্ট্রুমেন্ট হিসাবে ব্যবহার করে কোনো পরিষেবা ফি প্রদান করবেন, তখন আপনি প্রদত্ত যেকোনো পেমেন্টের নির্দেশাবলী অনুসারে সেই ব্যাংক অ্যাকাউন্টে প্রযোজ্য হিসাবে ACH ডেবিট বা ক্রেডিট এন্ট্রি শুরু করার এবং রিফান্ড করা, বাতিল বা অন্যথায় ফেরত দেওয়া লেনদেনের জন্য আপনার ব্যাংক অ্যাকাউন্টে ক্রেডিট করার অনুমোদন দিচ্ছেন।

4. **কার্ড পেমেন্টের অনুমোদন।** যখন আপনি ক্রেডিট বা ডেবিট কার্ড ব্যবহার করে লেনদেনের জন্য ফান্ড যোগ করবেন এবং/অথবা কোনো পরিষেবা ফি প্রদান করবেন, তখন আপনি আপনার লেনদেন প্রক্রিয়া করার উদ্দেশ্যে, আপনার নির্দিষ্ট করা টাকার পরিমাণ সংশ্লিষ্ট লেনদেনে ফান্ড যোগ করার জন্য, সাথে যেকোনো পরিষেবা ফি-এর জন্য সেই পেমেন্ট ইনস্ট্রুমেন্ট থেকে ডেবিট বা চার্জ করার এবং আমাদের লেনদেন প্রাপ্তির সাথে সাথেই সেই ফান্ড নির্ধারিত প্রাপকের কাছে পাঠানোর জন্য আমাদের অনুমোদন দিচ্ছেন। আপনি নিজের Remitly অ্যাকাউন্ট থেকে আপনার ডেবিট বা ক্রেডিট কার্ড সরিয়ে দিয়ে সেটিকে চার্জ করার জন্য আপনার অনুমোদন প্রত্যাহার করতে পারেন। আপনার পেমেন্ট ব্যর্থ হলে, আপনি প্রযোজ্য আইনের অধীনে সীমাবদ্ধতা সাপেক্ষে একই ডেবিট বা ক্রেডিট কার্ড ব্যবহার করে এক বা একাধিকবার পুনরায় চেষ্টা করার জন্য আমাদের অনুমোদন দিচ্ছেন।

5. **Remitly-এর দায়বদ্ধতা।** আপনি যখন আমাদের মানি ট্রান্সফার পরিষেবার মাধ্যমে কোনো লেনদেন পাঠাবেন, তখন সমস্ত লেনদেনের বিবরণ সম্পূর্ণ, নির্ভুল এবং সঠিক (যার মধ্যে প্রাপকের তথ্য এবং প্রাপকের ব্যাংকিং বা অন্যান্য অ্যাকাউন্টের বিবরণ অন্তর্ভুক্ত তবে এতেই সীমাবদ্ধ নয়) কি না তা নিশ্চিত করার দায়িত্ব আপনার, কারণ আপনার লেনদেন প্রক্রিয়াকরণের জন্য আমাদের কাছে জমা দেওয়ার পরে আমরা আপনাকে সেটির বিবরণ পরিবর্তন করার অনুমতি দিতে নাও পারতে পারি।

আইন দ্বারা অনুমোদিত সীমা পর্যন্ত, আপনি আপনার Remitly অ্যাকাউন্ট থেকে মানি ট্রান্সফার পরিষেবার মাধ্যমে শুরু করা সমস্ত পেমেন্ট সংক্রান্ত নির্দেশাবলী বা লেনদেনের দ্বারা আবদ্ধ হওয়ার ব্যাপারে সম্মতি প্রদান করছেন। আপনাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে আপনার লেনদেনের জন্য সমস্ত পেমেন্ট সংক্রান্ত নির্দেশাবলী সঠিক এবং নির্ভুল।

আপনি যাকে টাকা পাঠাচ্ছেন সেই প্রাপকের সম্পর্কে সঠিক তথ্য লেখার জন্য আপনি সম্পূর্ণরূপে দায়ী থাকবেন। প্রযোজ্য আইন সাপেক্ষে, Remitly নয়, আপনি, ভুল ব্যক্তির কাছে ট্রান্সফার করা যেকোনো টাকার পরিমাণের জন্য দায়ী থাকবেন কারণ আপনি লেনদেনের জন্য প্রাপক সম্পর্কিত ভুল তথ্য লিখেছেন।

প্রযোজ্য আইনের অধীনে সীমাবদ্ধতা সাপেক্ষে, নিম্নলিখিত পরিস্থিতিতে লেনদেন সম্পূর্ণ করার ক্ষেত্রে ব্যর্থতার জন্য Remitly দায়ী থাকবে না:

- আপনার পেমেন্ট সংক্রান্ত নির্দেশাবলীতে বেঠিক নির্দেশাবলী, ভুল বা অপর্যাপ্ত তথ্য রয়েছে; বা
- আপনার নির্বাচিত পেমেন্ট ইনস্ট্রুমেন্টে, মানি ট্রান্সফার পরিষেবার মাধ্যমে শুরু করা লেনদেনের পেমেন্ট করার জন্য পর্যাপ্ত ফান্ড নেই।

## 7\. মানি ট্রান্সফার পরিষেবার জন্য পেমেন্ট করা

**1. আমাদের পরিষেবা ফি।** আপনাকে আমাদের মানি ট্রান্সফার পরিষেবা দেওয়ার বদলে, আপনি লেনদেনের পরিমাণ ছাড়াও আপনার জমা দেওয়া প্রতিটি লেনদেনের জন্য আমাদেরকে পরিষেবা ফি (**একটি "পরিষেবা ফি"**) দিতে সম্মত হচ্ছেন। আপনি আপনার লেনদেন সম্পাদন করার জন্য আমাদের সম্মতি দেওয়ার আগে একটি নির্দিষ্ট লেনদেনের সাথে সম্পর্কিত স্বতন্ত্র পরিষেবা ফি-এর পরিমাণের বিবরণ আমাদের মোবাইল অ্যাপ বা ওয়েবসাইটে আপনার জন্য উপলভ্য করা হবে। লেনদেন প্রক্রিয়াকরণের জন্য জমা দেওয়ার সময় মার্কিন ডলারে পেমেন্ট আমাদের কাছে বকেয়া এবং প্রদেয় হবে। পরিষেবা ফি প্রাপক দেশ এবং অন্যান্য কারণের উপর ভিত্তি করে ভিন্ন হতে পারে এবং সেগুলি পরিবর্তন সাপেক্ষ।

**2. অন্যান্য চার্জ।** আপনার পেমেন্ট ইনস্ট্রুমেন্টের সাথে যুক্ত আর্থিক প্রতিষ্ঠানের দ্বারা আরোপিত হতে পারে এমন ফি-এর জন্য আমরা দায়ী নই। উদাহরণস্বরূপ, কিছু ক্রেডিট কার্ড প্রদানকারী মানি ট্রান্সফার পরিষেবাটি ব্যবহার করার জন্য আপনার ক্রেডিট কার্ডের ব্যবহারকে **"নগদ অগ্রিম"** হিসেবে ধরতে পারে এবং লেনদেনের জন্য অতিরিক্ত ফি এবং সুদের খরচ আরোপ করতে পারে। আপনার ব্যাংক, ক্রেডিট কার্ড প্রদানকারী বা অন্যান্য প্রদানকারীর দ্বারা আপনার উপর আরোপ করা হতে পারে এমন কোনো নন-সাফিসিয়েন্ট ফান্ড ফি (**"NSF ফি"**), চার্জব্যাক ফি বা অন্যান্য অনুরূপ চার্জের জন্য Remitly দায়ী নয়। আপনি যদি এমন কোনো লেনদেন জমা দেন যার ফলস্বরুপ আপনার পেমেন্ট ইনস্ট্রুমেন্ট অনুমোদিত পদ্ধতিতে ব্যবহার না হওয়ার কারণে বা অপর্যাপ্ত ফান্ড বা ক্রেডিট থাকার কারণে Remitly-কে কোনো রকম ফি বা অন্য টাকার পরিমাণ চার্জ করা হয়, তাহলে আমাদেরকে চার্জ করা ফি সম্পর্কে আমরা আপনাকে জানাব এবং আপনি আমাদের সমপরিমাণ অর্থরাশি পেমেন্ট করতে সম্মত হচ্ছেন।

**3. বৈদেশিক মুদ্রা বিনিময়।** যখন আপনি এক মুদ্রায় লেনদেনের জন্য পেমেন্ট করবেন এবং

লেনদেনটি প্রাপক দেশে অন্য মুদ্রায় পেমেন্ট করা হবে, তখন আমরা যে বিনিময় রেটে বৈদেশিক মুদ্রা ক্রয় করি সেটির এবং আপনার লেনদেনের সময় আপনাকে দেওয়া বিনিময় রেটের মধ্যে পার্থক্যের কারণে আমরা এবং আমাদের পরিষেবা প্রদানকারীরা (নিচে সংজ্ঞায়িত) অর্থ উপার্জন করতে পারি। বিনিময় রেট প্রাপকের দেশ এবং অন্যান্য কারণের উপর ভিত্তি করে ভিন্ন হতে পারে এবং সেগুলি পরিবর্তন সাপেক্ষ। আপনার অনুরোধ করা কোনো লেনদেনের ক্ষেত্রে যদি বৈদেশিক মুদ্রার বিনিময় রেট প্রযোজ্য হয়, তাহলে আপনি লেনদেন অনুমোদন করার আগেই তা আপনার কাছে প্রকাশ করা হবে।

4. **তৃতীয় পক্ষের ফি এবং চার্জ।** আপনি যখন আমাদের মানি ট্রান্সফার পরিষেবা ব্যবহার করবেন, তখন অন্যান্য তৃতীয় পক্ষগুলি আপনার উপর ফি, খরচ বা অন্যান্য দায়বদ্ধতা চাপাতে পারে। এই তৃতীয় পক্ষের মধ্যে আপনার ব্যাংক, কার্ড প্রদানকারী, ফোন বা ইন্টারনেট পরিষেবা প্রদানকারী অন্তর্ভুক্ত থাকতে পারে। উদাহরণস্বরূপ, আপনার ফোন এবং/অথবা ইন্টারনেট পরিষেবা প্রদানকারী, ডেটা বা মেসেজিং পরিষেবা সম্পর্কিত ফি চার্জ করতে পারে। আপনি (এবং Remitly নয়) আমাদের মানি ট্রান্সফার পরিষেবাগুলি ব্যবহার করার ক্ষেত্রে এই ধরনের তৃতীয় পক্ষের দ্বারা চার্জ করা যেকোনো ফি, চার্জ এবং খরচের জন্য দায়ী থাকবেন। এই অতিরিক্ত খরচগুলির যেকোনো বিশদ বিবরণের জন্য অনুগ্রহ করে এই তৃতীয়-পক্ষ প্রদানকারীদের সাথে আপনার চুক্তিগুলি দেখুন।

## 8\. মানি ট্রান্সফার গ্রহণ করা

1. **পরিষেবা প্রদানকারী।** প্রাপকদের কাছে ফান্ড উপলভ্য করাতে আমরা স্থানীয় ব্যাংক এবং অন্যান্য তৃতীয় পক্ষের আউটলেটগুলির সাথে কাজ করি (প্রতিটি, একটি "**পরিষেবা প্রদানকারী**")। আমরা আমাদের পরিষেবা প্রদানকারীদের লোকেশন, উপলভ্যতা এবং খোলা থাকার সময় সম্পর্কে আমাদের ওয়েবসাইটে সাম্প্রতিক তথ্য প্রদান করার চেষ্টা করি। অনুগ্রহ করে মনে রাখবেন যে এগুলি আমাদের অজান্তেই পরিবর্তন হতে পারে, এবং ওয়েবসাইটে পোস্ট করা হতে পারে এমন কোনও ভুল বা অসম্পূর্ণ তথ্যের জন্য আমরা দায়ী নই।

2. **প্রাপকদের যাচাইকরণ।** ফান্ড পাওয়ার আগে প্রাপকদের আমাদের পরিষেবা প্রদানকারীদের কাছে নিজেদের পরিচয় যাচাই করার জন্য কার্যকর পরিচয়ের প্রমাণের মতো তথ্য দিতে হতে পারে। এছাড়াও প্রাপকদের তাদের প্রযোজ্য লেনদেনের সাথে যুক্ত একটি রেফারেন্স নম্বর বা অন্য অনুরূপ পরিচয় শনাক্তকারী প্রদান করতে হতে পারে।

3. **মেয়াদ শেষ হওয়া লেনদেন।** যেসব লেনদেনে প্রাপকের কাছে ক্যাশ পিক-আপের মাধ্যমে ফান্ড উপলভ্য করা হয়, তা যদি ফান্ড প্রথম উপলভ্য হওয়ার 60 ক্যালেন্ডার দিনের মধ্যে (অথবা সময়ে সময়ে কোনো পরিষেবা প্রদানকারী বা স্থানীয় বিধিনিয়ম অনুযায়ী নির্ধারিত অন্য কোনো সময়সীমার মধ্যে) সঠিকভাবে সংগ্রহ করা না হয় তাহলে আমরা সেই লেনদেনগুলো বাতিল করব। এই মেয়াদ শেষ হওয়া লেনদেনের ক্ষেত্রে যতটা সম্ভব, আমরা সম্পূর্ণ লেনদেনের পরিমাণ, ট্যাক্স এবং লেনদেনের অংশ হিসাবে আপনি যে পরিষেবা ফি প্রদান করেছেন তা রিফান্ড করব। আইনতভাবে প্রয়োজনীয় সময় অতিবাহিত হওয়ার পর যদি আমরা এই পেমেন্ট

ইনস্ট্রুমেন্টে ফান্ড ফেরত দিতে না পারি, তাহলে ফান্ডগুলি প্রযোজ্য স্টেটে জমা করা হবে।

## 9\. পরিষেবা সংক্রান্ত গুরুত্বপূর্ণ বিধিনিষেধ

1. **আপনার দ্বারা আমাদের মানি ট্রান্সফার পরিষেবার ব্যবহার সীমিত করার আমাদের অধিকার।** এই চুক্তিতে অন্যত্র বর্ণিত সীমাবদ্ধতাগুলি ছাড়াও, আমরা আমাদের একান্ত বিবেচনার ভিত্তিতে যেকোনো লেনদেন প্রক্রিয়া করতে অস্বীকার করতে পারি যেখানে আমাদের যুক্তিসঙ্গত বিশ্বাস বা বিশ্বাস করার যুক্তিসঙ্গত ভিত্তি রয়েছে, যে এটি আপনাকে এবং/অথবা আমাদেরকে রক্ষা করার জন্য প্রয়োজনীয় বা এটি অন্যথায় প্রয়োজন যাতে আমরা আইনি বা নিয়ন্ত্রক প্রয়োজনীয়তা মেনে চলতে পারি। আপনি সম্মত হচ্ছেন যে আমরা প্রতি লেনদেন বা সমষ্টিগত ভিত্তিতে টাকা ট্রান্সফার করার পরিমাণও সীমিত করতে পারি। এই সীমাগুলি পৃথক Remitly অ্যাকাউন্ট বা আপনার Remitly অ্যাকাউন্টের নির্দিষ্ট পেমেন্ট ইনস্ট্রুমেন্টের উপর আরোপ করা হতে পারে। এছাড়াও আমরা যেকোনো সময় মানি ট্রান্সফার পরিষেবার সমস্ত বা যেকোনো অংশ সংশোধন বা বন্ধ করার অধিকার সংরক্ষণ করি।

2. **বিলম্ব।** প্রযোজ্য আইন অনুযায়ী, আপনার পরিচয় যাচাই করার জন্য, আপনার পেমেন্ট ইনস্ট্রুমেন্ট যাচাই করার জন্য, আমাদের আর্থিক ঝুঁকি পরিচালনা করার জন্য অথবা যদি আমরা বিশ্বাস করি যে লেনদেনে প্রতারণা যুক্ত হতে পারে বা কোনো অপরাধ বা আইন, নিয়ম বা প্রবিধানের লঙ্ঘন ঘটেছে, ঘটছে বা ঘটতে পারে তাহলে আমাদের একান্ত বিবেচনার ভিত্তিতে আপনার লেনদেন বিলম্বিত করার অধিকার আমাদের রয়েছে। প্রাপকের কাছে ফান্ড উপলভ্য করতে বিলম্ব বা ব্যর্থতার কারণের উপর নির্ভর করে, আপনি নির্দিষ্ট পরিস্থিতিতে রিফান্ড বা অন্যান্য প্রতিকার পাওয়ার অধিকারী হতে পারেন।

3. **ট্রান্সফার স্পিড।** আমাদের ওয়েবসাইটে বা আমাদের মোবাইল অ্যাপে আপনার যেকোনো লেনদেনের জন্য আমাদের দ্বারা আপনাকে প্রদান করা যেকোনো ট্রান্সফার স্পিড সংক্রান্ত তথ্য বা অনুমান হলো পেমেন্ট পদ্ধতি, ডেলিভারি পদ্ধতি, লেনদেনের পর্যালোচনা এবং Remitly, আমাদের অংশীদার এবং পরিষেবা প্রদানকারীর সিস্টেমের উপলভ্যতার উপর ভিত্তি করে ডেলভারির তারিখ এবং সময়ের অনুমান। টাকা পাঠানোর প্রক্রিয়া চলাকালীন যেকোনো ট্রান্সফার স্পিড সংক্রান্ত তথ্য এবং অনুমানগুলি ছাড়াও, আপনি কোনো লেনদেন জমা দেওয়ার আগে এবং লেনদেনের রসিদে, আপনার টাকা প্রাপকের কাছে কবে নাগাদ ডেলিভার হওয়ার আশা করতে পারেন তার সঠিক তারিখ এবং সময় আমরা আপনাকে প্রদান করব।

4. **বাণিজ্যিক লেনদেন।** আমরা সেইসব পণ্য বা পরিষেবার গুণমান বা ডেলিভারির জন্য দায়ী নই যার জন্য আপনি মানি ট্রান্সফার পরিষেবা ব্যবহার করে কোনো প্রাপককে পেমেন্ট করেন। আপনি স্বীকার করছেন যে পণ্য এবং পরিষেবার পেমেন্টের জন্য ফান্ড ট্রান্সফার করার জন্য মানি ট্রান্সফার পরিষেবাটি আপনি নিজের ঝুঁকিতে ব্যবহার করবেন।

5. **অযোগ্যতা।** প্রযোজ্য আইন ও প্রবিধান মেনে চলার জন্য, আমরা নির্দিষ্ট প্রেরকদের কাছ থেকে এবং নির্দিষ্ট প্রাপকদের কাছে লেনদেন প্রত্যাখ্যান করতে পারি যারা বিশেষভাবে মনোনীত নাগরিক এবং ব্লক করা

ব্যক্তিদের তালিকা, অ-সহযোগী দেশ এবং অঞ্চলের তালিকা এবং বিভিন্ন সরকারী সংস্থার দ্বারা জারি করা এই ধরনের অন্যান্য তালিকায় অন্তর্ভুক্ত রয়েছেন।

6. **কোনো পরিবর্তন নেই।** আপনার লেনদেন প্রক্রিয়াকরণের জন্য আমাদের কাছে জমা দেওয়ার পরে আমরা সাধারণত আপনাকে আর বিবরণ পরিবর্তন করতে দিই না। আপনার লেনদেনের বিবরণ যে সঠিক তা নিশ্চিত করা আপনার দায়িত্ব। ধারা 6.5 এবং এই চুক্তির অন্যান্য ধারা অনুসারে, লেনদেনের জন্য প্রাপকের সম্পর্কে তথ্য লেখার সময় আপনি যেকোনো ভুল তথ্য দিলে বা ভুল করলে তার জন্য আপনি দায়ী থাকবেন, এবং Remitly নয়। তবে, এই চুক্তিতে এমন কিছুই নেই যা লেনদেন বাতিল করা বা প্রযোজ্য আইনের অধীনে কোনো লেনদেনের ক্ষেত্রে কোনো ত্রুটি জাহির করার ক্ষেত্রে আপনার অধিকারকে সীমাবদ্ধ করবে।

7. **নিষিদ্ধ কার্যকলাপ।** আমাদের ওয়েবসাইট বা মানি ট্রান্সফার পরিষেবা বা যেকোনো Remitly পরিষেবা ব্যবহার করার ক্ষেত্রে বা Remitly-এর সাথে আপনার যোগাযোগের সময়, আমরা নিম্নলিখিত বিষয়গুলিকে **নিষিদ্ধ কার্যকলাপ** হিসাবে বিবেচনা করি, (প্রতিটি, একটি "**নিষিদ্ধ কার্যকলাপ**") এবং আপনি এগুলি করবেন না:

- আপনার এবং Remitly-এর মধ্যে এই চুক্তি, অথবা অন্য কোনো চুক্তি ভঙ্গ করবেন না;
- কোনো বেআইনি উদ্দেশ্যে বা কোনো প্রযোজ্য আইন লঙ্ঘনের জন্য আমাদের পরিষেবা ব্যবহার করবেন না যা আমাদেরকে বা আপনার মানি ট্রান্সফার পরিষেবার ব্যবহারকে প্রভাবিত করে (যার মধ্যে প্রতারণা, সন্ত্রাসী সংস্থাকে টাকা যোগানো এবং/অথবা অর্থ পাচার অন্তর্ভুক্ত রয়েছে তবে এতেই সীমাবদ্ধ নয়);
- নিম্নলিখিত কোনো ক্ষেত্রে মানি ট্রান্সফার পরিষেবা ব্যবহার করবেন না: যৌনতা-সম্পর্কিত সামগ্রী বা পরিষেবা, **জুয়া সম্পর্কিত কার্যকলাপ**, জালিয়াতি, টাকা-পাচার, সন্ত্রাসী সংস্থাকে টাকা জোগানো বা তামাক, তামাক সম্পর্কিত সরঞ্জাম, আগ্নেয়াস্ত্র, প্রেসক্রিপশন ওষুধ বা অন্যান্য নিয়ন্ত্রিত পদার্থ ক্রয় বা বিক্রয় করা;
- বস্তুগত মিথ্যা, ভুল, বা বিভ্রান্তিকর তথ্য প্রদান করবেন না (এর মধ্যে রয়েছে, কোনো সীমাবদ্ধতা ছাড়াই, আমাদের Remitly অ্যাকাউন্ট তৈরির প্রক্রিয়ার অংশ হিসাবে যেকোনো তথ্য এবং/অথবা একটি লেনদেন সম্পাদন করার জন্য আমরা আপনার কাছে যে তথ্যের অনুরোধ করি);
- কোনো অনুসন্ধানে সহযোগিতা করতে বা আমরা অনুরোধ করতে পারি এমন আপনার সম্পর্কে, আপনার পরিচয় সম্পর্কে, বা আমাদের পরিষেবার আপনার ব্যবহার সম্পর্কে আমাদের আরও তথ্য বা নিশ্চিতকরণ প্রদান করতে অস্বীকার করবেন না;
- কোনো বেনামী প্রক্সি ব্যবহার করবেন না;
- আপনার ক্রেডিট কার্ড থেকে নগদ অগ্রিম তুলবেন না (বা অন্যদের এমনটি করতে সাহায্য করবেন না);
- কোনো বিবাদের সময় আমাদের, আমাদের পরিষেবার অন্য ব্যবহারকারী, ব্যাংক অথবা আপনার ডেবিট বা ক্রেডিট কার্ড প্রদানকারীর কাছ থেকে একই লেনদেনের জন্য রিফান্ড বা অন্যান্য ফান্ডের

রিপেমেন্ট গ্রহণ করে বা পাওয়ার চেষ্টা করে নিজের অধিকারের চেয়ে বেশি ফান্ড পাওয়ার চেষ্টা করবেন না; বা

- আমাদের ওয়েবসাইট বা অ্যাপে নজর রাখার জন্য বা সেগুলি কপি করার জন্য যেকোনো রোবট, স্পাইডার, স্ক্র্যাপার, স্বয়ংক্রিয় ডিভাইস বা ম্যানুয়াল প্রক্রিয়া ব্যবহার করবেন না বা অন্যথায় যেকোনো উপায়ে Remitly-এর মেধাসম্পদ প্রদর্শন, ব্যবহার, কপি বা পরিবর্তন করবেন না।

8. আপনি যদি কোনো নিষিদ্ধ কার্যকলাপে জড়িত হন, অথবা যদি আমরা বিশ্বাস করি যে আপনি মানি ট্রান্সফার পরিষেবা বা কোনো Remitly পরিষেবার সাথে সম্পর্কিত নিষিদ্ধ কার্যকলাপে জড়িত হয়ে থাকতে পারেন, তাহলে Remitly, তার একান্ত বিবেচনার ভিত্তিতে, নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করার অধিকার সংরক্ষণ করে:

- লেনদেন বিলম্বিত, রিভার্স, বাতিল, প্রত্যাখ্যান বা প্রক্রিয়া করতে অস্বীকার করা এবং/অথবা লেনদেনের তথ্য সংশোধন করা (অথবা অন্যান্য পেমেন্ট পরিষেবা প্রদানকারীর মাধ্যমে অনুরূপ পদক্ষেপ নেওয়া);

- আপনার Remitly অ্যাকাউন্ট বন্ধ বা স্থগিত করে দেওয়া, আমাদের পরিষেবাগুলির জন্য আপনার কোনো নির্দিষ্ট পেমেন্ট ইনস্ট্রুমেন্টের ব্যবহার সাময়িকভাবে বা স্থায়ীভাবে স্থগিত করে দেওয়া এবং/অথবা ভবিষ্যতে আপনাকে Remitly পরিষেবা না প্রদান করা সহ আমাদের পরিষেবাগুলির সম্পূর্ণ বা আংশিক ব্যবহার সীমাবদ্ধ করা;
- কোনো কনটেন্ট সম্পাদনা, পরিবর্তন করা বা পোস্ট করতে অস্বীকার করা এবং/অথবা কোনো নিষিদ্ধ কার্যকলাপের সাথে সম্পর্কিত কোনো পেমেন্টের নির্দেশ বা ডেটা ট্রান্সফার করতে অস্বীকার করা; এবং/অথবা
- আমাদের অংশীদার আর্থিক প্রতিষ্ঠান, কোনো নিয়ন্ত্রক, পুলিশ বা অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থা এবং/অথবা সরকারী বিভাগ বা সংস্থার কাছে লেনদেন ও আপনার এবং আপনার দ্বারা আমাদের পরিষেবাগুলির ব্যবহার সম্পর্কে অন্য কোনো প্রাসঙ্গিক তথ্যের বিষয়ে রিপোর্ট করা।

আমরা যদি কোনো পেমেন্টের নির্দেশনা স্থগিত করি, পালন করতে অস্বীকার করি এবং/অথবা অন্যথায় আপনার জন্য আমাদের পরিষেবাগুলির ব্যবহার সীমাবদ্ধ করি, তাহলে আমরা, আইন দ্বারা অনুমোদিত হলে, আপনাকে ইলেকট্রনিক বা অন্যান্য উপায়ে জানানোর চেষ্টা করব।

## 10. দেশ নির্দিষ্ট শর্তাবলী

1. **ভারতে করা লেনদেন।** ভারতে Remitly ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক দ্বারা প্রতিষ্ঠিত টাকা তোলার ব্যবস্থা (Rupee Drawing Arrangements) মেনে লেনদেন প্রক্রিয়া করে। আপনি বুঝেছেন যে, যে এই

চুক্তির অধীনে নিম্নলিখিত টাকা ট্রান্সফার করার জন্য মানি ট্রান্সফার পরিষেবা ব্যবহার করা নিষিদ্ধ:

- চিট ফান্ড, দাতব্য ট্রাস্ট, মন্দির, NGO, ফাউন্ডেশন এবং অনুরূপ চরিত্রের অন্যান্য সত্তার ক্ষেত্রে;
- রাজনৈতিক দলকে বা তাদের উদ্দেশ্যে;
- কোনো ভারতীয় সত্তার শেয়ার/লাভজনক স্বার্থ অধিগ্রহণের জন্য;
- সুবিধাভোগীকে প্রদত্ত ঋণের সাথে সম্পর্কিত;
- যেখানে অর্থের উৎস ভারতে বেটিং এবং গেমিং কার্যক্রমসহ যেকোনো বেআইনি কার্যকলাপ থেকে প্রাপ্ত।
- আপনি সম্মত হচ্ছেন যে প্রযোজ্য আইনের অধীনে নির্ধারিত 'আপনার-গ্রাহককে-জানুন' সহ সমস্ত প্রয়োজনীয় যাচাই সম্পাদনের জন্য আপনি আমাদের, ট্রান্সফার পরিষেবা প্রদানকারী, নিরীক্ষক বা পরিদর্শকদের সমস্ত প্রাসঙ্গিক ডকুমেন্টেশন, সহায়তা এবং সহযোগিতা (যে কোনো আকারে অনুরোধ করা হলে) প্রদান করবেন। যদি প্রয়োজন অনুযায়ী আপনি উপরের সহায়তা প্রদান না করেন, তাহলে আপনি সম্মত হচ্ছেন এবং বুঝতে পারছেন যে আমরা আপনার লেনদেন বাতিল করতে পারি।

2. **ব্রাজিলে করা লেনদেন।** আপনি যদি আমাদের পরিষেবা ব্যবহার করে ব্রাজিলিয়ান রিয়ালে ব্রাজিলে টাকা পাঠান এবং আমরা আমাদের ব্রাজিলিয়ান লাইসেন্সকৃত সত্তা (Remitly Corretora de Cambio Ltda)-এর মাধ্যমে লেনদেন করি, তাহলে এই [ব্রাজিল সংক্রান্ত সংযোজন](https://www.remitly.com/us/en/brazil/addendum)-এর শর্তাবলী আপনার লেনদেনের ক্ষেত্রে প্রযোজ্য হবে। অনুগ্রহ করে ব্রাজিল সংক্রান্ত সংযোজনটি মনোযোগ সহকারে পড়ুন।

3. **অন্যান্য প্রাপক দেশ।** অন্যান্য দেশে টাকা পাঠানোর অথবা নির্দিষ্ট উদ্দেশ্যে অন্যান্য দেশে টাকা পাঠানোর ক্ষেত্রে, পরিষেবা প্রদানকারী বা নিয়ন্ত্রক কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে আরোপিত অন্যান্য প্রয়োজনীয়তা বা বিধিনিষেধ থাকতে পারে। আমরা আমাদের ওয়েবসাইটে বর্তমান তথ্য প্রদান করার চেষ্টা করি, তবে অনুগ্রহ করে মনে রাখবেন যে এগুলি অসম্পূর্ণ হতে পারে বা আমাদের অজান্তেই পরিবর্তন হতে পারে এবং ওয়েবসাইটে পোস্ট করা হতে পারে এমন ধরনের কোনো ভুল বা অসম্পূর্ণ তথ্যের জন্য আমরা দায়ী নই।

## 11. যোগাযোগ এবং ডিভাইস

1. মানি ট্রান্সফার পরিষেবা এবং আপনার Remitly অ্যাকাউন্টের মাধ্যমে লেনদেন পাঠানোর জন্য, আপনার Remitly-কে একটি মোবাইল ফোন নম্বর এবং ইমেইল ঠিকানা দিতে হবে। মানি ট্রান্সফার পরিষেবা অথবা যেকোনো Remitly পরিষেবা ব্যবহার করার মাধ্যমে, আপনি নিশ্চয়তা দিচ্ছেন যে আপনি ইমেইল ঠিকানা এবং মোবাইল ফোন নম্বরের মালিক।

2. আপনি যখন আমাদেরকে আপনার মোবাইল ফোন নম্বর বা ইমেইল ঠিকানা দেবেন, তখন আপনি আপনার Remitly অ্যাকাউন্ট বা Remitly লেনদেন সংক্রান্ত ব্যাপারে আমাদের কাছ থেকে লেনদেন এবং অ্যাকাউন্ট-সম্পর্কিত কল বা টেক্সট (এসএমএস) মেসেজ এবং পুশ বিজ্ঞপ্তি পাওয়ার জন্য সম্মত হবেন। এই চুক্তির শর্তাবলী এবং আমাদের গোপনীয়তা বিজ্ঞপ্তির সাথে সামঞ্জস্যপূর্ণ যেকোনো উদ্দেশ্যে আমরা কল বা টেক্সটের মাধ্যমে আপনার সাথে যোগাযোগ করতে পারি, যার মধ্যে লেনদেনের রসিদ এবং আপনার অ্যাকাউন্টের আপডেট সংক্রান্ত বিজ্ঞপ্তিগুলি অন্তর্ভুক্ত রয়েছে তবে এতেই কিন্তু সীমাবদ্ধ নয়। আপনার মোবাইল ক্যারিয়ারের সাথে আপনার চুক্তির ভিত্তিতে স্ট্যান্ডার্ড মেসেজ এবং ডেটা রেট প্রযোজ্য হতে পারে।

3. আপনার ইমেইল ও ফোন নম্বর নিজের Remitly অ্যাকাউন্টে আপ টু ডেট রাখা আবশ্যক এবং গুরুত্বপূর্ণ। এছাড়াও আপনার লেনদেন বা আমাদের পরিষেবা সম্পর্কে যাতে কোনো ইমেইল মিস না করেন তা নিশ্চিত করতে Remitly থেকে পাঠানো মেসেজের জন্য আপনাকে নিয়মিতভাবে নিজের ইমেইল চেক করা উচিত। আপনি যদি নিয়মিত আপনার নিবন্ধিত ইমেইল চেক না করেন তাহলে কোনো ক্ষতি বা অন্যান্য পরিণতির জন্য Remitly দায়ী থাকবে না।

## 12. ত্রুটি সমাধান, বাতিলকরণ এবং রিফান্ড

1. **ত্রুটি সমাধান।** আপনার লেনদেনে যেসব ত্রুটি হয়েছে সেগুলির বিষয়ে বিবাদ করার অধিকার আপনার রয়েছে। যদি আপনার মনে হয় যে আপনার লেনদেনে কোনো ত্রুটি ঘটেছে অথবা আপনি মানি ট্রান্সফার পরিষেবার বিষয়ে অসন্তুষ্ট, তাহলে আপনার লেনদেন জমা দেওয়ার তারিখ থেকে 180 দিনের মধ্যে আপনাকে নিম্নলিখিত উপায়ে অবশ্যই আমাদের সাথে যোগাযোগ করতে হবে:

- আমাদের [us-complaints@remitly.com](mailto:us-complaints@remitly.com)এ ইমেইল পাঠিয়ে;
- আমাদের [অভিযোগ সংক্রান্ত পেজের](https://www.remitly.com/us/bn/help/article/complaints-process?language=enUS) মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করে
- আমাদের 1-844-604-0924 নম্বরে টেলিফোন করে; অথবা
- আমাদের এই ঠিকানায় চিঠি পাঠিয়ে: Remitly, Inc. attn: Customer Service, 401 Union Street, Suite 1000, Seattle, WA 98101, USA।

Remitly-এর ত্রুটি সমাধান এবং বাতিলকরণ সংক্রান্ত প্রকাশের জন্য, [এখানে ক্লিক করুন](https://www.remitly.com/us/en/home/errors)।

3. **বাতিলকরণ।** আপনার লেনদেন সম্পূর্ণ হওয়ার আগে যেকোনো সময় আপনি সেটি বাতিল করার

চেষ্টা করতে পারেন। আপনার লেনদেন সম্পূর্ণ হওয়ার অর্থ হল আপনার প্রাপক ক্যাশ পিক-আপের জন্য আপনার পাঠানো ফান্ড তুলে নিয়েছেন অথবা আপনার বাতিলকরণের অনুরোধের সময়ের মধ্যে প্রাপকের ব্যাংক অ্যাকাউন্টে ফান্ড জমা হয়েছে। বাতিলকরণের অনুরোধ পাওয়ার পরে, আমরা লেনদেনটি সম্পন্ন হয়েছে কিনা তা নিশ্চিত করব, যার মধ্যে রিফান্ড শুরু করার আগে লেনদেনটি সম্পন্ন হয়েছে কিনা তা নির্ধারণ করতে আমাদের পরিষেবা প্রদানকারীদের সাথে যোগাযোগ করার বিষয়টি অন্তর্ভুক্ত থাকতে পারে। Remitly-এর কোনো লেনদেন বন্ধ বা বাতিল করার ক্ষমতা, আপনার প্রাপকের কাছে ফান্ড প্রদান করার জন্য আপনি যে পদ্ধতিটি নির্বাচন করেছেন এবং আপনি কখন আপনার বাতিলকরণের অনুরোধ জমা দিয়েছেন তার উপর নির্ভর করে। যদি আমরা লেনদেন বাতিল করতে পারি, তাহলে আমরা লেনদেনের পরিমাণ, ট্যাক্স এবং লেনদেনের অংশ হিসাবে আপনার থেকে চার্জ করা যেকোনো পরিষেবা ফি রিফান্ড করব। **লেনদেনটি সম্পূর্ণ হয়ে যাওয়ার পর লেনদেন করা টাকার পরিমাণ রিফান্ড করা হবে না।**

4. **ডেলিভারির অযোগ্য লেনদেন।** আমরা নির্ধারণ করতে পারি, অথবা আমাদের অংশীদাররা আমাদেরকে জানাতে পারে যে, আপনার করা ভুলের কারণে বা আপনি আমাদেরকে যে তথ্য দিয়েছেন তাতে সমস্যা হওয়ার কারণে আপনার লেনদেন সম্পূর্ণ করা যাবে না। এই ধরনের ক্ষেত্রে, আমরা আপনাকে অবহিত করব যে আপনার লেনদেন সম্পূর্ণ করা যায়নি এবং আপনি আমাদেরকে যে তথ্য দিয়েছেন তা সংশোধন করে লেনদেনটি আবার জমা দেওয়ার জন্য আপনাকে বলব। আপনি যদি 72 ঘণ্টার মধ্যে লেনদেনের ত্রুটি বা সমস্যাটি সংশোধন করার জন্য পদক্ষেপ নিতে ব্যর্থ হন, তাহলে আমরা আপনার লেনদেন বাতিল করার অধিকার সংরক্ষণ করি। আপনি ত্রুটি বা সমস্যাটি সংশোধন করার জন্য পদক্ষেপ নিতে ব্যর্থ হলে যদি আমরা আপনার লেনদেন বাতিল করি, তাহলে আমরা সম্পূর্ণ লেনদেনের পরিমাণ, ট্যাক্স, এবং লেনদেনের অংশ হিসাবে আপনি যে পরিষেবা ফি পেমেন্ট করেছেন তা রিফান্ড করব।

5. **রিফান্ড।**

ক. আপনি যদি বিশ্বাস করেন যে আপনার লেনদেনে কোনো ত্রুটি রয়েছে, তাহলে কী করবেন সে সম্পর্কে তথ্যের জন্য এবং কোন পরিস্থিতিতে আপনার লেনদেনের পরিমাণ এবং কোনো প্রযোজ্য ফি ও ট্যাক্স আপনাকে রিফান্ড করা হতে পারে সে সম্পর্কে তথ্যের জন্য অনুগ্রহ করে [Remitly-এর ত্রুটি সমাধান এবং বাতিলকরণ সংক্রান্ত প্রকাশ](https://www.remitly.com/us/en/home/errors) দেখুন। যদি Remitly নির্ধারণ করে যে আপনি কোনো নির্দিষ্ট লেনদেনের জন্য রিফান্ড পাওয়ার অধিকারী, তাহলে তা প্রযোজ্য আইনের অধীনে আমাদের বাধ্যবাধকতা অনুযায়ী হোক বা অন্যথায়, আমরা লেনদেনের অংশ হিসাবে আপনার দেওয়া সম্পূর্ণ লেনদেনের পরিমাণ, ট্যাক্স এবং যেকোনো পরিষেবা ফি রিফান্ড করব।

খ. লেনদেনের জন্য পেমেন্ট করার সময় যে পেমেন্ট ইনস্ট্রুমেন্ট ব্যবহার করা হয়েছে সেই একই পেমেন্ট ইনস্ট্রুমেন্টে সব রিফান্ড ক্রেডিট করা হবে। রিফান্ড শুধুমাত্র মার্কিন ডলারে করা হয় এবং আপনার লেনদেন জমা দেওয়ার সময় থেকে মার্কিন ডলার বা বৈদেশিক মুদ্রার মান পরিবর্তনের জন্য সামঞ্জস্য করা হবে

না। মূল লেনদেনের জন্য আপনি যে পেমেন্ট ইনস্ট্রুমেন্ট ব্যবহার করেছিলেন তা যদি আর কার্যকর না থাকে এবং আমরা একটি পারস্পরিক গ্রহণযোগ্য সমাধান খুঁজে না পাই, তাহলে যতক্ষণ না আমরা এটি বাণিজ্যিকভাবে যুক্তিসঙ্গত পদ্ধতিতে প্রক্রিয়া করতে সক্ষম হই ততক্ষণ আপনার রিফান্ড বিলম্বিত হতে পারে।

গ. **যথার্থ ডেলিভারির প্রতিশ্রুতি।** আপনি লেনদেন জমা দেওয়ার আগে এবং লেনদেনের রসিদে, আপনার টাকা প্রাপকের কাছে কবে নাগাদ ডেলিভার হওয়ার আশা করতে পারেন তার সঠিক তারিখ এবং সময় আমরা আপনাকে প্রদান করব। আপনার লেনদেন পাঠানোর আগে বা আপনার রসিদে উভয় ক্ষেত্রেই দেখানো তারিখ এবং সময়ের পরে আপনার টাকা পৌঁছালে, আপনি লেনদেনের জন্য আমাদের চার্জ করা পরিষেবা ফি রিফান্ড পাওয়ার যোগ্য থাকবেন। পরিষেবা ফি-এর এই রিফান্ড পেতে, আপনাকে অবশ্যই নিচে দেওয়া তালিকাভুক্ত পদ্ধতিগুলির মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করতে হবে এবং সম্পর্কিত লেনদেনের জন্য চার্জ করা পরিষেবা ফি ফেরত দেওয়ার অনুরোধ করতে হবে।

- আমাদেরকে [us-complaints@remitly.com](mailto:us-complaints@remitly.com) এ ইমেইল পাঠিয়ে;
- আমাদের [অভিযোগ সংক্রান্ত পেজে] গিয়ে আমাদের সাথে যোগাযোগ করে;(https://www.remitly.com/us/bn/help/article/complaints-process?language=enUS)
- আমাদের 1-844-604-0924 নম্বরে কল করে; অথবা
- আমাদের এই ঠিকানায় চিঠি পাঠান: Remitly, Inc. attn: Customer Service, 401 Union Street, Suite 1000, Seattle, WA 98101, USA।

- ঘ. যদি, ধারা 12.4-এ বর্ণিত নয় বা অন্যথায় আমাদের ত্রুটি সমাধান এবং বাতিলকরণ সংক্রান্ত প্রকাশে উল্লেখ করা নেই এমন কোনো কারণের জন্য, কোনো নির্দিষ্ট লেনদেন সম্পর্কে আপনি আমাদের পরিষেবার সাথে সন্তুষ্ট না হন তাহলে, সেই লেনদেনের জন্য পরিষেবা ফি-এর রিফান্ডের অনুরোধ করতে আপনি আমাদের সাথে [যোগাযোগ করতে পারেন](https://www.remitly.com/us/en/help#contact)।

## 13. মানি ট্রান্সফারের জন্য স্টেট-নির্দিষ্ট রিফান্ডের অধিকার এবং অভিযোগ জানানোর পদ্ধতি

1. অনুগ্রহ করে মনে রাখবেন যে এই বিভাগে বর্ণিত ফেডারেল আইনের অধীনে অধিকার ছাড়াও, কিছু নির্দিষ্ট আইনি অঞ্চলের বাসিন্দাদের স্টেটের অর্থ প্রেরণের আইনের অধীনে নির্দিষ্ট রিফান্ডের অধিকার এবং অভিযোগ জানানোর পদ্ধতি থাকতে পারে। **স্টেট-নির্দিষ্ট রিফান্ডের অধিকার এবং অভিযোগ জানানোর পদ্ধতি**

**সংক্রান্ত তথ্য [এখানে](https://www.remitly.com/us/en/home/complaints) পাওয়া যাবে**

- **টেক্সাস।** টেক্সাস স্টেটে অবস্থিত একজন প্রেরক হিসাবে, রসিদ পাওয়ার ত্রিশ মিনিটের মধ্যে, আপনি কোনো লেনদেন বাতিল করার এবং Remitly-কে প্রদত্ত যেকোনো ফি সহ প্রেরণের জন্য চার্জ করা সমস্ত টাকার তাৎক্ষণিক রিফান্ড পাওয়ার অধিকারী, যদি না উদ্দিষ্ট প্রাপক লেনদেনের ফান্ড, বা তার সমতুল্য পেয়ে থাকেন।

2. **স্টেট-নির্দিষ্ট অভিযোগ।** যদিও আমরা আপনাকে আপনার Remitly অ্যাকাউন্ট বা কোনো নির্দিষ্ট লেনদেন সহ আমাদের পরিষেবা সম্পর্কে আপনার যেকোনো উদ্বেগ বা প্রশ্ন আমাদের সাথে শেয়ার করতে উৎসাহিত করি, আপনি নিজের স্টেটের মানি ট্রান্সমিটার লাইসেন্সিং কর্তৃপক্ষের সাথেও যোগাযোগ করতে চাইতে পারেন। **[কীভাবে সবচেয়ে ভালোভাবে তা করা যায় সে সম্পর্কে তথ্য এখানে পাওয়া যাবে](https://www.remitly.com/us/en/home/complaints)**।

## 14. মেয়াদ এবং সমাপ্তি

1. **এই চুক্তির মেয়াদ।** প্রস্তাবনায় বর্ণিত হিসেবে, এই চুক্তিটি শুরু হবে যখন আপনি চুক্তিতে আপনার সম্মতি প্রদান করবেন। এই চুক্তির শর্তাবলী অনুযায়ী সমাপ্ত না হওয়া পর্যন্ত চুক্তিটি কার্যকর থাকবে।

2. **আপনি সুবিধার জন্য এই চুক্তি কখন বাতিল করতে পারেন।** আপনি যেকোনো সময় এবং যেকোনো কারণে 1-844-604-0924 নম্বরে টেলিফোনে আমাদের সাথে যোগাযোগ করে বা আপনার মোবাইল অ্যাপে চ্যাট করে এবং আপনার Remitly অ্যাকাউন্ট বন্ধ করে এই চুক্তি বাতিল করতে পারেন।

3. **Remitly সুবিধার জন্য এই চুক্তি কখন বাতিল করতে পারে।** আমরা আপনাকে কমপক্ষে 15 দিনের নোটিশ দিয়ে যেকোনো সময় এবং যেকোনো কারণে এই চুক্তিটি বাতিল করতে পারি। আপনি যদি এই শর্তাবলী বা আমাদের নিষিদ্ধ করা কার্যকলাপ সহ আমাদের কোনো নীতি লঙ্ঘন করেন, তাহলে আমরা অবিলম্বে এই চুক্তিটি বাতিল করতে পারি।

4. **আমার Remitly অ্যাকাউন্ট বন্ধ হওয়ার পর বা এই চুক্তিটি বাতিল হয়ে যাওয়ার পরে কী হবে?** যদি আপনার Remitly অ্যাকাউন্ট বন্ধ হয়ে যায় এবং/অথবা এই চুক্তিটি বাতিল হয়ে যায়, তাহলে আপনি সম্মত হচ্ছেন যে:

- আপনি অবিলম্বে আমাদের Remitly পরিষেবা ব্যবহার করা বন্ধ করবেন;
- এই চুক্তির অধীনে প্রদত্ত লাইসেন্স শেষ হয়ে যাবে;
- আমরা প্রযোজ্য আইনের অধীনে আমাদের রেকর্ডিং রাখার বাধ্যবাধকতা অনুযায়ী এই ধরনের তথ্য সংরক্ষণ করার অধিকার সংরক্ষণ করি, কিন্তু অন্যথায় আপনার দ্বারা আমাদের Remitly

পরিষেবাগুলির ব্যবহারের অংশ হিসাবে আপনার সমস্ত তথ্য এবং অ্যাকাউন্ট ডেটা মুছে ফেলার অধিকার সংরক্ষণ করি; এবং

- আমাদের পরিষেবাতে অ্যাক্সেস বন্ধ করার জন্য বা সেগুলির তথ্য বা অ্যাকাউন্ট ডেটা মুছে ফেলার জন্য আমরা আপনার বা কোনো তৃতীয় পক্ষের কাছে দায়বদ্ধ থাকব না।

5. **ফি।** এই চুক্তির কোনো সমাপ্তি, আপনাকে সমাপ্তির পূর্বে আপনার দ্বারা বকেয়া কোনো পরিষেবা ফি বা খরচ এবং এই চুক্তির অধীনে আপনার দ্বারা বকেয়া অন্য যেকোনো টাকার পরিমাণ পরিশোধ করার কোনো বাধ্যবাধকতা থেকে মুক্তি দেয় না।

6. **অস্তিত্ব।** এই চুক্তির ধারাগুলি যা এই চুক্তির উদ্দেশ্য সম্পাদন বা প্রয়োগ করার জন্য যুক্তিসঙ্গতভাবে প্রয়োজনীয় তা শেষ হওয়ার পরেও বিদ্যমান থাকবে এবং এই চুক্তির সমাপ্তির পরে সেগুলির শর্তাবলী অনুযায়ী কার্যকর থাকবে।

## 15. লাইসেন্স; Remitly-এর মেধাসম্পদ

1. **পরিষেবায় অ্যাক্সেস।** আপনাকে এতদ্বারা Remitly পরিষেবাগুলি অ্যাক্সেস এবং ব্যবহার করার অধিকার দেওয়া হচ্ছে, যা সবসময় এই চুক্তির অধীন থাকবে।

2. **অ্যাপ সংক্রান্ত লাইসেন্স।** এই চুক্তির সাথে আপনার সম্মতির সাপেক্ষে, Remitly আপনাকে একটি সীমিত নন-এক্সক্লুসিভ, অ-হস্তান্তরযোগ্য, অ-সাবলাইসেন্সযোগ্য, প্রত্যাহারযোগ্য লাইসেন্স মঞ্জুর করছে, যার সাহায্যে আপনার মালিকানাধীন বা নিয়ন্ত্রণ করা ডিভাইসে আপনি মোবাইল অ্যাপের একটি কপি ডাউনলোড, ইনস্টল এবং ব্যবহার করতে পারবেন এবং শুধুমাত্র আপনার নিজের ব্যক্তিগত উদ্দেশ্যে মোবাইল অ্যাপের এইরকম কপি চালাতে পারবেন।

3. **মালিকানা।** আপনি স্বীকার করছেন যে এই ওয়েবসাইটের কন্টেন্ট, টেক্সট, গ্রাফিক্স, লোগো এবং ছবি সহ Remitly পরিষেবাগুলির পাশাপাশি অন্যান্য সমস্ত Remitly কপিরাইট, ট্রেডমার্ক, লোগো এবং পণ্য ও পরিষেবার নামগুলি এক্সক্লুসিভভাবে Remitly, Inc. এর মালিকানাধীন (**"Remitly-এর মেধাসম্পদ"**)।

4. **ব্যবহার।** আপনি কোনোভাবেই Remitly-এর মেধাসম্পদ প্রদর্শন, ব্যবহার, কপি বা পরিবর্তন না করার বিষয়ে সম্মত হচ্ছেন। আপনি শুধুমাত্র আপনার নিজের ব্যক্তিগত, অ-বাণিজ্যিক ব্যবহারের জন্য এই ওয়েবসাইটের পেজগুলির একটি কপি দেখার এবং রেখে দেওয়ার জন্য অনুমোদিত। উপরন্তু আপনি সম্মতি প্রদান করছেন যে আপনি: (i) পরিষেবা অ্যাক্সেস করার জন্য কোনো রোবট, স্পাইডার, স্ক্র্যাপার বা অন্যান্য স্বয়ংক্রিয় ডিভাইস ব্যবহার করবেন না; (ii) এই ওয়েবসাইটে প্রদর্শিত কোনো লেখক, ট্রেডমার্ক বা অন্যান্য মালিকানা নোটিশ বা লিজেন্ড (বা এর মুদ্রিত পেজগুলি) সরাবেন বা পরিবর্তন করবেন না বা (iii) Remitly-এর বা কোনো তৃতীয় পক্ষের কপিরাইট, পেটেন্ট, ট্রেডমার্ক, ট্রেড সিক্রেট বা অন্যান্য মেধাসম্পদের অধিকার অথবা প্রচার বা গোপনীয়তার অধিকার লঙ্ঘন করবেন না।

5. **প্রতিক্রিয়া।** আপনি যদি আমাদের পরিষেবাগুলির সাথে সম্পর্কিত কোনো পরামর্শ, প্রতিক্রিয়া, পর্যালোচনা বা ইনপুট (**"গ্রাহকের ইনপুট"**) প্রদান করেন তবে আপনি যদি গ্রাহকের ইনপুটকে গোপনীয় হিসাবে মনোনীত করে থাকেন তাহলেও আমরা গ্রাহকের ইনপুটের এবং এর সমস্ত অধিকার, স্বত্ব এবং আগ্রহের মালিক হব। আমরা বিপণন বা ব্যবসায়িক উদ্দেশ্য সহ, কোনো সীমাবদ্ধতা ছাড়াই গ্রাহকের ইনপুট ব্যবহার করার অধিকারী হব। আপনি আমাদেরকে গ্রাহকের ইনপুটে এবং এর সমস্ত অধিকার, স্বত্ব এবং আগ্রহ অর্পণ করছেন এবং গ্রাহকের ইনপুটে আমাদের অধিকারগুলিকে নথিভুক্ত করতে, নিখুঁত করতে এবং বজায় রাখতে আমাদের প্রয়োজন হতে পারে এমন যেকোনো সহায়তা প্রদান করতে সম্মত হচ্ছেন। এই উদ্দেশ্যে, "অর্পণ" শব্দটি হল আইনি শব্দ যার অর্থ আইনত সুবিধা হস্তান্তর করা, যেমন আপনার আমাদের কাছে গ্রাহকের ইনপুটের সুবিধা আইনিভাবে হস্তান্তর করা।

## 16. দাবিত্যাগ; সীমিত ওয়্যারেন্টি এবং প্রতিকার

আপনি স্পষ্টভাবে বুঝেছেন এবং সম্মত হয়েছেন যে প্রযোজ্য আইন দ্বারা অনুমোদিত সম্পূর্ণ সীমা পর্যন্ত, আপনার দ্বারা REMITLY অ্যাকাউন্ট ও মানি ট্রান্সফার পরিষেবার ব্যবহারের ঝুঁকি সম্পূর্ণ আপনার হবে এবং REMITLY অ্যাকাউন্ট ও মানি ট্রান্সফার পরিষেবাটি সমস্ত ত্রুটি সহ "যেমন আছে" এবং "যেমনভাবে উপলভ্য" সেই ভিত্তিতে প্রদান করা হবে। REMITLY স্পষ্টভাবে সমস্ত ওয়ারেন্টি, উপস্থাপনা, এবং যেকোনো ধরনের শর্ত অস্বীকার করে, তা প্রকাশ করা হোক বা উহ্য হোক, যার মধ্যে বাণিজ্যযোগ্যতার উহ্য ওয়্যারেন্টি বা শর্তাবলী, কোনো বিশেষ উদ্দেশ্যের জন্য উপযুক্ততা এবং REMITLY অ্যাকাউন্ট ও মানি ট্রান্সফার পরিষেবার ব্যবহার থেকে উদ্ভূত অ-লঙ্ঘন অন্তর্ভুক্ত রয়েছে, তবে এতেই সীমাবদ্ধ নয়। কিছু আইনি অঞ্চল অন্তর্নিহিত ওয়ারেন্টির দাবিত্যাগের অনুমতি দেয় না, তাই আপনি যদি সেই আইনি অঞ্চলগুলির মধ্যে একটিতে বসবাস করেন তাহলে পূর্বোক্ত দাবিত্যাগ আপনার ক্ষেত্রে প্রযোজ্য নাও হতে পারে। এই চুক্তিতে বা প্রযোজ্য স্টেট বা ফেডারেল আইন দ্বারা স্পষ্টভাবে বর্ণিত হিসাবে আপনার রিফান্ড পাওয়ার বা অন্যান্য প্রতিকারের অধিকার থাকতে পারে। ফেডারেল আইনের সাথে সামঞ্জস্য রেখে, যদি আপনার লেনদেনের রসিদে দেখানো প্রাপ্যতার তারিখের মধ্যে পেমেন্টের পরিমাণ প্রাপকের কাছে উপলভ্য না হয়, তাহলে আপনি সমস্যাটির বিষয়ে আমাদের অবহিত করতে উপরে ধারা 12-এ বর্ণিত ত্রুটি সমাধান প্রক্রিয়া ব্যবহার করতে পারেন এবং ফেডারেল আইনের অধীনে আমাদের পরিষেবা ফি রিফান্ড সহ আপনি প্রতিকার পাওয়ার অধিকারী হতে পারেন।

## 17. ক্ষতিপূরণ

ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার আইন এবং এর অন্তর্গত প্রবিধান E, 12 C.F.R. § 1005.1 et seq দ্বারা অন্যথায় প্রদত্ত সীমা ছাড়া, আপনি ক্ষতিপূরণ দিতে এবং আপনার মানি ট্রান্সফার পরিষেবা সহ Remitly পরিষেবার ব্যবহার, পরিষেবার সাথে আপনার সংযোগ, আপনার এই চুক্তি লঙ্ঘন বা আপনার দ্বারা অন্যের কোনো অধিকার লঙ্ঘনের ফলে উদ্ভূত যেকোনো তৃতীয় পক্ষের দ্বারা করা, যুক্তিসঙ্গত অ্যাটর্নি ফি সহ, যেকোনো দাবি থেকে

Remitly, পরিষেবা প্রদানকারীদের, এবং তাদের নিজ নিজ সহযোগী, কর্মকর্তা, এজেন্ট, অংশীদার এবং কর্মীদের দায়মুক্ত করতে সম্মত হচ্ছেন।

## 18. দায়বদ্ধতার সীমাবদ্ধতা

প্রযোজ্য আইন দ্বারা অনুমোদিত পূর্ণ মাত্রায়, কোনো ক্ষেত্রেই REMITLY, বিতরণ অংশীদার বা তাদের নিজ নিজ সহযোগী, কর্মকর্তা, এজেন্ট, অংশীদার বা কর্মীদের অবহেলার ফলে হওয়া লাভের ক্ষতি, সুনামের, ব্যবহারের, ডেটার বা অন্যান্য অস্পষ্ট ক্ষতি সহ তবে এতেই সীমাবদ্ধ নয় এমন ক্ষতির জন্য প্রত্যক্ষ, পরোক্ষ, আনুষঙ্গিক, বিশেষ, ফলস্বরূপ বা অনুকরণীয় ক্ষতিপূরণের জন্য REMITLY, পরিষেবা প্রদানকারী বা তাদের সংশ্লিষ্ট সহযোগী, কর্মকর্তা, এজেন্ট, অংশীদার বা কর্মীরা $500.00-এর বেশি পরিমাণ (লেনদেনের পরিমাণ এবং পরিষেবার ফি রিফান্ড দেওয়ার পাশাপাশি) এর জন্য দায়ী থাকবে না (এমনকি যদি REMITLY-কে এই ধরনের ক্ষতির সম্ভাবনা সম্পর্কে পরামর্শও দেওয়া হয়ে থাকে)। সংশয় এড়ানোর জন্য, পূর্ববর্তী বাক্যে কোনো কিছুই সেই আর্থিক প্রতিকারকে সীমাবদ্ধ করে না যার 15 U.S.C. § 1693m(a)-এর অধীনে আপনি অন্যথায় অধিকারী।

## 19. বিবাদ নিষ্পত্তি এবং সালিশি করার চুক্তি

**1. Remitly-এর সাথে বিবাদ এই ধারাটি আপনার অধিকারকে প্রভাবিত করে, এই চুক্তিতে সম্মত হওয়ার আগে অনুগ্রহ করে মনোযোগ সহকারে পড়ুন।**

এই চুক্তিতে ব্যবহৃত হিসাবে, "দাবি"-এর মধ্যে আপনার এবং Remitly-এর সাথে সম্পর্কিত অতীত, বর্তমান বা ভবিষ্যত দাবি, বিবাদ বা বিতর্ক অন্তর্ভুক্ত থাকবে যা এই চুক্তির সাথে সম্পর্কিত বা এর ফলে উদ্ভূত হয়েছে এবং/অথবা এমন কার্যকলাপ বা সম্পর্ক যা এই চুক্তির সাথে জড়িত, এই চুক্তির দিকে পরিচালিত করে অথবা এই চুক্তির ফলে হয়েছে।

যদি আপনি বিশ্বাস করেন যে আপনার Remitly-এর বিরুদ্ধে কোনো দাবি রয়েছে বা Remitly বিশ্বাস করে যে এর আপনার বিরুদ্ধে কোনো দাবি রয়েছে , তাহলে আপনি এবং Remitly উভয়েই সমাধান সম্ভব কিনা তা অন্বেষণ করতে ষাট দিনের (60) সময়ের জন্য অনানুষ্ঠানিকভাবে সংশ্লিষ্ট দাবি নিয়ে আলোচনা করতে সম্মত হচ্ছেন। এই সময়ের মধ্যে, আপনি এবং Remitly সম্মত হচ্ছেন যে সীমাবদ্ধতা সংক্রান্ত যেকোনো প্রযোজ্য আইন স্থগিত করা হবে। এই ষাট (60) দিনের সময়কাল দাবি সংক্রান্ত নোটিশ অপর পক্ষের কাছে পাঠানোর মাধ্যমে শুরু হবে, যাতে তথাকথিত দাবির একটি সংক্ষিপ্ত বিবরণ এবং তথাকথিত দাবির প্রতি সমর্থনকারী তথ্য এবং আইন অন্তর্ভুক্ত করতে হবে। আপনি সম্মত হচ্ছেন যে আপনি আমাদের নিম্নলিখিত ঠিকানায় নোটিশ পাঠাবেন: **Attn: Legal**, 401 Union Street, Suite 1000, Seattle, WA 98101।

Remitly যদি বিশ্বাস করে যে এর আপনার বিরুদ্ধে কোনো দাবি রয়েছে, তাহলে Remitly আপনার Remitly অ্যাকাউন্টের প্রোফাইল বিভাগে দেওয়া ইমেইল ঠিকানায় ইমেইল পাঠিয়ে সেই দাবি সম্পর্কে আপনাকে জানাবে।

যদি আপনি এবং Remitly, আমাদের কোনো দাবির নোটিশ প্রাপ্তির ষাট (60) দিনের মধ্যে তথাকথিত দাবির সমাধান করতে না পারেন, তাহলে দাবি জানানো পক্ষ নিচে দেওয়া বর্ণনা অনুসারে সালিশ বা একটি ছোট-দাবি সংক্রান্ত মামলা শুরু করতে পারে।

আপনি এবং Remitly সম্মত হচ্ছেন যে দাবির নোটিশ পাঠানো এবং উপরে আলোচিত অনানুষ্ঠানিক বিবাদ প্রক্রিয়ায় জড়িত হওয়া যেকোনো সালিশি বা ছোট-দাবি সংক্রান্ত মামলা শুরু করার পূর্বশর্ত। দাবি সংক্রান্ত নোটিশের প্রয়োজনীয়তা মেনে চলার ক্ষেত্রে ব্যর্থতা, যেকোনো সালিশি বা ছোট-দাবি সংক্রান্ত মামলা বরখাস্ত করার কারণ হবে।

2. **সালিশি করার চুক্তি।** আপনি এবং Remitly সম্মত হচ্ছেন যে, যেকোনো দাবি ব্যক্তিগত, বাধ্যতামূলক সালিশি দ্বারা সমাধান করা হবে। আপনি এবং Remitly এতদ্বারা প্রত্যেকে জুরি ট্রায়ালের যেকোনো অধিকার পরিত্যাগ করতে সম্মত হচ্ছেন এবং সম্মতি দিচ্ছেন যে আপনি এবং আমরা একে অপরের বিরুদ্ধে শুধুমাত্র একটি ব্যক্তিগত ক্ষমতার মধ্যে দাবি করতে পারি এবং কোনো উদ্দেশ্যমূলক শ্রেণি বা প্রতিনিধিত্বমূলক প্রক্রিয়ায় বাদী বা শ্রেণি সদস্য হিসাবে নয়। সালিশি করা পক্ষ, [JAMS](https://www.jamsadr.com/) নামে একটি প্রতিষ্ঠিত বিকল্প বিবাদ নিষ্পত্তি (Alternative Dispute Resolution, ADR) প্রদানকারীর মাধ্যমে এই ধরনের সালিশি শুরু করবে। JAMS-এর ব্যাপারে তথ্য, এর [https://www.jamsadr.com/](https://www.jamsadr.com/) ওয়েবসাইটে পাওয়া যেতে পারে। এছাড়াও আপনি এবং Remitly সম্মত হচ্ছেন যে এই ধারা 19-এর প্রযোজ্যতা, দাবির সালিশযোগ্যতা বা এই ধারা 19-এর সুযোগ বা প্রয়োগযোগ্যতা নিয়ে যেকোনো বিবাদের ক্ষেত্রে সালিশকারীর দ্বারা সিদ্ধান্ত নেওয়া হবে।

আপনার এবং Remitly-এর মধ্যে যেকোনো সালিশ নিয়ন্ত্রণকারী নিয়মগুলি বিতর্কিত টাকার পরিমাণের উপর নির্ভর করবে। আপনার এবং Remitly-এর মধ্যে দাবির জন্য, যেক্ষেত্রে সমস্ত দাবির মোট মূল্য (প্রযোজ্য আইনের অধীনে প্রদত্ত পরিমাণে অ্যাটর্নিদের ফি সহ) $250,000 ছাড়িয়ে যাবে, সেক্ষেত্রে সালিশিটি JAMS দ্বারা এর বিস্তৃত সালিশি সংক্রান্ত নিয়ম ও পদ্ধতি অনুসারে পরিচালিত হবে। JAMS-এর বিস্তৃত সালিশি সংক্রান্ত নিয়ম ও পদ্ধতির একটি কপি https://www.jamsadr.com/rules-comprehensive-arbitration/ এ উপলভ্য রয়েছে। আপনার এবং Remitly-এর মধ্যে দাবির জন্য, যেক্ষেত্রে সমস্ত দাবির মোট মূল্য (প্রযোজ্য আইনের অধীনে প্রদত্ত পরিমাণে অ্যাটর্নিদের ফি সহ) $250,000 অতিক্রম করে না, সেক্ষেত্রে সালিশিটি JAMS দ্বারা এর স্ট্রিমলাইনড সালিশি সংক্রান্ত নিয়ম ও পদ্ধতি অনুসারে পরিচালিত হবে। JAMS-এর স্ট্রিমলাইনড সালিশি সংক্রান্ত নিয়ম ও পদ্ধতির একটি কপি https://www.jamsadr.com/rules-streamlined-arbitration/#Rule-1 এ উপলভ্য রয়েছে।

সালিশিতে কোনো বিচারক বা জুরি থাকবে না এবং সালিশি সংক্রান্ত পুরস্কারের আদালত দ্বারা পর্যালোচনা ফেডারেল সালিশি আইন 9 U.S.C. § 1 এবং তার পরের আইন অনুযায়ী সীমিত। তবে, একজন সালিশকারী একটি পৃথক ভিত্তিতে আদালতের মতো একই ক্ষতিপূরণ এবং অব্যাহতি প্রদান করতে পারেন (যার মধ্যে আদেশমূলক এবং ঘোষণামূলক অব্যাহতি বা সংবিধিবদ্ধ ক্ষতিপূরণ অন্তর্ভুক্ত রয়েছে) এবং তাকে কোনো আদালতের মতোই শর্তাবলী মেনে চলতে হবে। সন্দেহ এড়ানোর জন্য, সালিশকারী সার্বজনীন নিষেধাজ্ঞামূলক অব্যাহতি প্রদান করতে পারেন যদি তা আইন দ্বারা অনুমোদিত এবং পৃথক দাবি(গুলি) দ্বারা নিশ্চিত করা হয়ে থাকে।

ক. **গণ সালিশি।** পূর্বোল্লিখিত হওয়া সত্ত্বেও, যদি 75 জনের বেশি উপভোক্তা, যাদের একই, সম্পর্কিত বা সমন্বয়কারী অ্যাটর্নি বা আইন সংস্থা প্রতিনিধিত্ব করে, তারা Remitly-এর বিরুদ্ধে সালিশি শুরু করে যা অনুরূপ বা সম্পর্কিত দাবি উত্থাপন করে, তাহলে দাবিগুলি JAMS গণ সালিশি পদ্ধতি এবং নির্দেশিকার ( **"মামলার রীতি"**) অধীনে দাবীগুলি গণ সালিশ হিসাবে পরিচালিত হবে। মামলার রীতি অনুসারে, JAMS সালিশকারী বা একটি প্রক্রিয়া প্রশাসকের বিবেচনার ভিত্তিতে দাবিগুলি একত্রিত বা ব্যাচ করা যেতে পারে। যখন মামলার রীতি অনুসরণ করে কোনো গণ সালিশ ফাইল করা হবে, তখন পক্ষগুলি JAMS গণ সালিশ পদ্ধতির ফি শিডিউল অনুযায়ী JAMS-এর প্রাথমিক ফাইলিংয়ের ফি দেবে। JAMS-এর গণ সালিশ প্রক্রিয়া এবং নির্দেশিকাগুলির কপি [https://www.jamsadr.com/mass-arbitration-procedures](https://www.jamsadr.com/mass-arbitration-procedures) এ উপলভ্য রয়েছে। JAMS-এর গণ সালিশ পদ্ধতির ফি শিডিউলের কপি [https://www.jamsadr.com/files/uploads/documents/massarbitrationprocedures-fs4.29.24.pdf](https://www.jamsadr.com/files/uploads/documents/massarbitrationprocedures-fs4.29.24.pdf) এ উপলভ্য রয়েছে।

খ. **জুরি পরিত্যাগ এবং ক্লাস অ্যাকশন পরিত্যাগ।** প্রযোজ্য আইন দ্বারা অনুমোদিত সম্পূর্ণ সীমা পর্যন্ত আপনি স্বীকার করছেন যে এই চুক্তিতে প্রদত্ত সালিশির দাবিতে সম্মত হয়ে আপনি এবং Remitly, প্রত্যেকেই জুরি দ্বারা ট্রায়ালের অথবা বাদী বা শ্রেণি সদস্য হিসাবে যেকোনো আকাঙ্ক্ষিত ক্লাস অ্যাকশন বা প্রতিনিধিত্বমূলক প্রক্রিয়ায় অংশগ্রহণের অধিকার পরিত্যাগ করতে সম্মত হচ্ছেন।

গ. **অপ্ট-আউট করা।** আপনি এই চুক্তিটি গ্রহণ করার 30টি ক্যালেন্ডার দিনের মধ্যে লিখিতভাবে আপনার ইতিবাচক অপ্ট-আউট করা সম্পর্কে আমাদেরকে জানিয়ে নিম্নলিখিত ঠিকানায় বিজ্ঞপ্তি পাঠিয়ে এই ধারা 19 থেকে অপ্ট-আউট করতে পারেন: Remitly, Inc., **Attn: Legal**, 401 Union Street, Suite 1000, Seattle, WA 98101। আপনাকে সেই বিজ্ঞপ্তিতে এই ধারা 19 থেকে অপ্ট আউট করার জন্য আপনার অভিপ্রায়ের একটি স্বাক্ষরিত বিবৃতি অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে। এই চুক্তিটি গ্রহণ করার পরে 30 তম

ক্যালেন্ডার দিনে বা তার আগে পোস্টমার্ক করা হলে নোটিশ সময়োচিত বলে গণ্য করা হবে।

ঘ. **ছোট-দাবি সংক্রান্ত আদালতের ব্যতিক্রম।** পূর্বোল্লিখিত হওয়া সত্ত্বেও, আপনি এবং Remitly সম্মত হচ্ছেন যে আপনার এবং Remitly-এর মধ্যে সমস্ত দাবির মোট মূল্য যদি আপনি যে স্টেটে থাকেন সেই স্টেটের ছোট দাবি সংক্রান্ত আদালতের আইনি অঞ্চলের সীমার নিচে হয়, তাহলে এই ধরনের দাবি করা পক্ষটি আপনি যে স্টেটে থাকেন সেই স্টেটে একটি ছোট-দাবি সংক্রান্ত মামলার মাধ্যমে তা করতে পারে।

ঙ. **খরচ এবং ফি** সমস্ত ফাইলিং, প্রশাসন, এবং সালিশকারীর ফি-এর পেমেন্ট প্রযোজ্য JAMS নিয়ম দ্বারা নিয়ন্ত্রিত হবে, যা সালিশি খরচের উপর স্টেটের সীমাবদ্ধতার শর্তাধীন। আপনি যদি সালিশিতে জয়লাভ করেন তবে আপনি প্রযোজ্য আইনের অধীনে প্রদত্ত পরিমাণে অ্যাটর্নিদের ফি এবং খরচের পুরস্কার পাওয়ার অধিকারী হতে পারেন। যদি Remitly সালিশিতে জেতে তাহলে Remitly অ্যাটর্নিদের ফি এবং খরচ চাইবে না, এবং এতদ্বারা পুনরুদ্ধার করার সমস্ত অধিকার পরিত্যাগ করছে যা প্রযোজ্য আইনের অধীনে এর থাকতে পারে, যদি না সালিশকারী দেখতে পায় যে আপনার দাবির সারমর্ম বা চাওয়া ত্রাণ অহেতুক বা দাবিটি কোনো অনুপযুক্ত উদ্দেশ্যে করা হয়েছে।

চ. **ফেডারেল সালিশি আইন।** আপনি এবং Remitly সম্মত হচ্ছেন যে এই চুক্তিটি আন্তঃরাজ্য বাণিজ্যে একটি লেনদেনের প্রমাণ দেয় এবং তাই ফেডারেল সালিশি আইনের (9 U.S.C. § 1, এবং তার পরের) পদ্ধতিগত বিধান সহ সব ক্ষেত্রেই প্রযোজ্য। এর অর্থ হল ফেডারেল সালিশি আইন, অন্যান্য বিষয়গুলির মধ্যে, সালিশি চুক্তির ব্যাখ্যা ও প্রয়োগ এবং সীমাবদ্ধতা ছাড়াই, ক্লাস অ্যাকশন পরিত্যাগ সহ এর সমস্ত বিধান নিয়ন্ত্রণ করে।

3. **দাবির জন্য ফোরাম।** যদি কোনো আদালত নির্ধারণ করে যে এই ধারা 19 প্রয়োগযোগ্য নয়, তাহলে আপনি এবং Remitly সম্মত হচ্ছেন যে যেকোনো দাবির সমাধান কিং কাউন্টি, ওয়াশিংটনে অবস্থিত যেকোনো স্টেট বা ফেডারেল আদালতের দ্বারা করা হবে। আপনি এবং Remitly এই ধরনের সমস্ত দাবির উপর মামলা করার উদ্দেশ্য কিং কাউন্টি, ওয়াশিংটনের মধ্যে অবস্থিত স্টেট এবং ফেডারেল আদালতের ব্যক্তিগত আইনি অঞ্চল স্বীকার করতে সম্মত হচ্ছেন।

4. **সালিশ সংক্রান্ত বিধানের বিচ্ছেদযোগ্যতা।** যদি একজন সালিশকারী নির্ধারণ করেন যে 19.2.B (জুরি পরিত্যাগ এবং ক্লাস অ্যাকশন পরিত্যাগ) প্রয়োগযোগ্য নয় বা অকার্যকর, তাহলে এই সম্পূর্ণ ধারা 19-কে চুক্তি থেকে বিচ্ছিন্ন করা হবে এবং চুক্তিটি এমনভাবে বলবৎ করা হবে যেন চুক্তিতে এই ধারা 19 ছিলই না।

## 20. **পরিচালনাকারী আইন।**

এই চুক্তির অর্থ সংক্রান্ত বিবাদের জন্য, ধারা 19-এর শর্তাবলী ব্যতীত, আপনি এবং Remitly সম্মত হচ্ছেন যে এই চুক্তিটি আইনের দ্বন্দ্ব নিয়ন্ত্রণকারী আইনের সংস্থাটি ছাড়া, ওয়াশিংটনের আইন অনুসারে পরিচালিত হবে এবং সমস্ত দাবি সমাধান করা হবে এবং Remitly পরিষেবার সাথে সম্পর্কিত সমস্ত সম্পাদিত ক্রিয়াকলাপ ওয়াশিংটনে সম্পাদিত হয়েছে বলে গণ্য হবে।

## 21. বিবিধ

**1. সম্পূর্ণ চুক্তি।** এই চুক্তিটি আপনার এবং Remitly-এর মধ্যে এক সম্পূর্ণ চুক্তি হিসাবে গণ্য করা হবে এবং আপনার Remitly অ্যাকাউন্ট এবং এই চুক্তিতে বর্ণিত মানি ট্রান্সফার পরিষেবার ব্যবহার নিয়ন্ত্রণ করবে। এই চুক্তিটি আপনার এবং Remitly-এর মধ্যে পূর্বের যেকোনো চুক্তির তুলনায় অগ্রাধিকার পাবে। আপনার অন্যান্য Remitly পরিষেবা ব্যবহারের ক্ষেত্রে সেই প্রতিটি পরিষেবার জন্য আলাদা শর্তাবলী প্রযোজ্য হবে।

**2. অধিকার পরিত্যাগ না করা।** চুক্তির কোনো অধিকার বা বিধান প্রয়োগ বা বলবৎ করতে Remitly ব্যর্থ হলে তা এই ধরনের অধিকার বা বিধান পরিত্যাগ করা বলে গণ্য হবে না। যদি চুক্তির কোনো বিধান কোনো সালিশকারী বা উপযুক্ত এখতিয়ারের আদালতের দ্বারা অবৈধ বলে পাওয়া যায়, তবে পক্ষগণ সম্মত হচ্ছেন যে সালিশকারী বা আদালতকে চুক্তির অভিপ্রায়কে যথাযথভাবে বৈধ প্রভাব দেওয়ার চেষ্টা করা উচিত যেমন বিধানটিতে প্রতিফলিত হয়েছে, এবং চুক্তির অন্যান্য বিধান পূর্ণ ক্ষমতায় কার্যকর থাকবে।

**3. অপ্রত্যাশিত পরিস্থিতি (Force Majeure)।** ইতিমধ্যে গৃহীত লেনদেনের ক্ষেত্রে প্রযোজ্য আইনের অধীনে প্রয়োজনীয় পরিমাণ ব্যতীত, আমাদের যুক্তিসঙ্গত নিয়ন্ত্রণের বাইরের বিষয়গুলির জন্য মানি ট্রান্সফার পরিষেবার কার্য সম্পাদনে কোনো ব্যর্থতা বা বিলম্বের জন্য আমরা দায়ী হব না, যার মধ্যে রয়েছে, কোনো সীমা ছাড়াই: প্রযোজ্য আইনের পরিবর্তন; প্রয়োজনীয় বাস্তবিক এবং নেটওয়ার্ক অবকাঠামোর বন্ধ হওয়া বা অনুপলভ্যতা; সার্বভৌম ঋণ খেলাপি; বিদ্যুৎ বা ইন্টারনেট পরিষেবা বন্ধ হয়ে যাওয়া; নাগরিক অশান্তি; যুদ্ধ এবং ভূমিকম্প, আগ্নিকাণ্ড, বন্যা বা অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ।

**4. অন্যান্য শর্তাবলী।** এই চুক্তিটিকে, অন্যান্য প্রচারের জন্য প্রযোজ্য শর্তাবলী, আমাদের রেফারেল প্রোগ্রাম এবং আপনার পরিষেবা ব্যবহারের উপর ভিত্তি করে যেসব শর্তাবলী আপনার উপরে প্রযোজ্য হয়, সেগুলির দ্বারা পরিপূরণ করা হতে পারে। এইসব শর্তাবলীকে রেফারেন্সের মাধ্যমে এই চুক্তিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। এই চুক্তির সাথে যদি এই শর্তাবলীর কোনো শর্তের সংঘাত হয়েছে বলে নির্ধারণ করা হয়, তবে এই চুক্তিটিকেই গ্রাহ্য বলে মনে করা হবে।

## 22. ভাষা

এই চুক্তিটি প্রথমে ইংরেজি ভাষায় তৈরি করা হয়েছে এবং তারপরে অন্যান্য ভাষায় এর অনুবাদ প্রদান করা যেতে

পারে। আপনি সম্মত হচ্ছেন যে এই চুক্তির সাথে সম্পর্কিত যেকোনো বিবাদে ইংরেজি এবং অনুবাদিত সংস্করণগুলির মধ্যে কোনো অসঙ্গতি দেখা গেলে, চুক্তির ইংরেজি সংস্করণকেই গ্রাহ্য করা হবে।

## 23. **তৃতীয় পক্ষের পরিষেবা।**

**1. তৃতীয় পক্ষের ওয়েবসাইট এবং বিজ্ঞাপন।** একটি Remitly অ্যাকাউন্টে তৃতীয় পক্ষের ওয়েবসাইটের লিঙ্ক (**"তৃতীয়-পক্ষের ওয়েবসাইট"**), অ্যাপ্লিকেশন (**"তৃতীয়-পক্ষের অ্যাপ্লিকেশন"**), এবং তৃতীয় পক্ষের বিজ্ঞাপন (**"তৃতীয়-পক্ষের বিজ্ঞাপন"**) (সম্মিলিতভাবে, **তৃতীয়-পক্ষের পরিষেবা**) থাকতে পারে। আপনি যখন তৃতীয় পক্ষের পরিষেবার লিঙ্কে ক্লিক করবেন, তখন আমরা আপনাকে সতর্ক করব না যে আপনি আপনার Remitly অ্যাকাউন্ট ছেড়ে বেরিয়ে গেছেন এবং আপনি অন্য ওয়েবসাইট বা গন্তব্যের শর্তাবলীর (গোপনীয়তা নীতি সহ) অধীন হয়ে যাবেন। এই ধরনের তৃতীয় পক্ষের পরিষেবাগুলি Remitly-এর নিয়ন্ত্রণে থাকে না। Remitly কোনো তৃতীয় পক্ষের পরিষেবার জন্য দায়বদ্ধ নয়। Remitly এই তৃতীয় পক্ষের পরিষেবাগুলি শুধুমাত্র একটি সুবিধা হিসাবে প্রদান করে এবং তৃতীয় পক্ষের পরিষেবাগুলি বা সেগুলির সাথে সম্পর্কিত যেকোনো পণ্য বা পরিষেবার পর্যালোচনা, অনুমোদন, নিরীক্ষণ, সমর্থন করে না, নিশ্চয়তা দেয় না বা কোনো প্রতিনিধিত্ব করে না। আপনি তৃতীয় পক্ষের পরিষেবাগুলিতে সমস্ত লিঙ্কের ব্যবহার নিজের ঝুঁকিতে করবেন। আপনি যখন আমাদের Remitly পরিষেবা ছেড়ে যাবেন, তখন এই চুক্তি এবং আমাদের নীতিগুলি আর প্রযোজ্য হবে না। যেকোনো তৃতীয় পক্ষের পরিষেবাগুলির গোপনীয়তা এবং ডেটা সংগ্রহের নিয়মগুলি সহ আপনার প্রযোজ্য শর্তাবলী এবং নীতিগুলি পর্যালোচনা করা উচিত এবং কোনো তৃতীয় পক্ষের সাথে কোনো রকম লেনদেন করার আগে আপনার প্রয়োজনীয় বা উপযুক্ত বলে মনে হয় এমন যেকোনো অনুসন্ধান করুন।

**2. তৃতীয় পক্ষের পরিষেবাগুলির মাধ্যমে তথ্য শেয়ার করা।** Remitly অ্যাকাউন্টের মাধ্যমে Remitly এমন টুল সরবরাহ করতে পারে যা আপনাকে তৃতীয় পক্ষের পরিষেবাগুলিতে তথ্য এক্সপোর্ট করতে সক্ষম করে। এই টুলগুলির মধ্যে যেকোনো একটি ব্যবহার করে, আপনি সম্মত হচ্ছেন যে Remitly সংশ্লিষ্ট তথ্যটি প্রযোজ্য তৃতীয় পক্ষের পরিষেবাতে ট্রান্সফার করতে পারবে। আপনার এক্সপোর্ট করা তথ্য কোনো তৃতীয় পক্ষের পরিষেবার দ্বারা ব্যবহারের জন্য Remitly দায়ী নয়।

**3. তৃতীয় পক্ষের অ্যাপ্লিকেশন অ্যাক্সেস করা।** Apple App Store-এর মাধ্যমে অ্যাক্সেস করা বা ডাউনলোড করা যেকোনো অ্যাপ্লিকেশনের ক্ষেত্রে (একটি **"App Store থেকে সোর্স করা অ্যাপ্লিকেশন"**), আপনি শুধুমাত্র ( i) যেকোনো Apple-ব্র্যান্ডডে পণ্যে যা iOS দ্বারা চালিত (Apple-এর মালিকানাধীন অপারেটিং সিস্টেম) এবং (ii) Apple মিডিয়া পরিষেবার শর্তাবলীতে উল্লিখিত "ব্যবহারের নিয়ম" দ্বারা অনুমোদিত হিসাবে App Store থেকে সোর্স করা অ্যাপ্লিকেশন ব্যবহার করবেন, এটি ছাড়া এই ধরনের App Store থেকে সোর্স করা অ্যাপ্লিকেশন Apple-এর ফ্যামিলি শেয়ারিং ফাংশন, ভলিউম পারচেসিং বা লিগ্যাসি কনট্যাক্ট ফাংশনের মাধ্যমে ক্রেতার সাথে যুক্ত অন্যান্য অ্যাকাউন্টের দ্বারা অ্যাক্সেস, অর্জন এবং ব্যবহার করা যেতে পারে। এই বিভাগের প্রথম বাক্যটি সত্ত্বেও, Google Play store-এর মাধ্যমে অ্যাক্সেস করা বা ডাউনলোড করা যেকোনো অ্যাপ্লিকেশনের ক্ষেত্রে (**Google Play থেকে সোর্স করা অ্যাপ্লিকেশন**), আপনার

মনোনীত পারিবারিক গ্রুপের মধ্যে শেয়ার করার ভিত্তিতে অ্যাপ্লিকেশন ব্যবহারের ক্ষেত্রে আপনার অতিরিক্ত লাইসেন্সের অধিকার থাকতে পারে।

4. **Apple App Store থেকে অ্যাপ্লিকেশন অ্যাক্সেস এবং ডাউনলোড করা।** Apple App Store-এর মাধ্যমে অ্যাক্সেস করা বা ডাউনলোড করা যেকোনো App Store থেকে সোর্স করা অ্যাপ্লিকেশনের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলি প্রযোজ্য:

ক. আপনি স্বীকার করছেন এবং সম্মত হচ্ছেন যে (i) এই চুক্তিটি শুধুমাত্র আপনার এবং Remitly-এর মধ্যে সম্পন্ন হয়েছে, Apple-এর সাথে নয়, এবং (ii) Apple নয়, Remitly, App Store থেকে সোর্স করা অ্যাপ্লিকেশন এবং এর কন্টেন্টের জন্য সম্পূর্ণভাবে দায়বদ্ধ। আপনার App Store থেকে সোর্স করা অ্যাপ্লিকেশনের ব্যবহার অবশ্যই App Store পরিষেবার শর্তাবলী মেনে চলতে হবে।

আপনি স্বীকার করেছেন যে App Store থেকে সোর্স করা অ্যাপ্লিকেশনের ক্ষেত্রে যেকোনো রক্ষণাবেক্ষণ এবং সহায়তা সংক্রান্ত পরিষেবা প্রদান করার জন্য Apple-এর কোনো বাধ্যবাধকতা নেই।

App Store থেকে সোর্স করা অ্যাপ্লিকেশানের যেকোনো প্রযোজ্য ওয়ারেন্টি মেনে চলার ব্যাপারে ব্যর্থতার ক্ষেত্রে, আপনি Apple-কে অবহিত করতে পারেন এবং Apple আপনাকে প্রযোজ্য আইন দ্বারা অনুমোদিত সর্বাধিক পরিমাণে, App Store থেকে সোর্স করা অ্যাপ্লিকেশনের ক্রয়ের মূল্য ফেরত দেবে, App Store থেকে সোর্স করা অ্যাপ্লিকেশনের ক্ষেত্রে Apple-এর অন্য কোনো ওয়ারেন্টি সংক্রান্ত বাধ্যবাধকতা থাকবে না। Remitly এবং Apple-এর মধ্যে, কোনো ওয়ারেন্টি মেনে চলার ব্যাপারে ব্যর্থতার জন্য অন্য যেকোনো দাবি, লোকসান, দায়বদ্ধতা, ক্ষতি, খরচের সম্পূর্ণ দায় Remitly-এর।

গ. আপনি এবং Remitly স্বীকার করছেন যে, Remitly এবং Apple-এর মধ্যে, Apple আপনার বা কোনো তৃতীয় পক্ষের App Store থেকে সোর্স করা অ্যাপ্লিকেশন বা App Store থেকে সোর্স করা অ্যাপ্লিকেশনের উপর আপনার দখল বা তার ব্যবহারের সাথে সম্পর্কিত কোনো রকম দাবির সমাধান করার জন্য দায়ী নয়, যার মধ্যে রয়েছে, তবে এতেই সীমাবদ্ধ নয়: (i) পণ্যের দায় সংক্রান্ত দাবি; (ii) যেকোনো দাবি যা App Store থেকে সোর্স করা অ্যাপ্লিকেশন কোনো প্রযোজ্য আইনি বা নিয়ন্ত্রক আবশ্যকতা অনুযায়ী মেনে চলতে ব্যর্থ হয়েছে; এবং (iii) উপভোক্তা সুরক্ষা বা অনুরূপ আইনের অধীনে উদ্ভূত দাবি।

ঘ. আপনি এবং Remitly স্বীকার করছেন যে, কোনো তৃতীয় পক্ষের এই দাবির ক্ষেত্রে যে App Store থেকে সোর্স করা অ্যাপ্লিকেশন বা App Store থেকে সোর্স করা অ্যাপ্লিকেশনের উপর আপনার দখল এবং ব্যবহার সেই তৃতীয় পক্ষের মেধাসম্পদের অধিকার লঙ্ঘন করছে, Remitly এবং Apple-এর মধ্যে,

Apple নয়, Remitly এই চুক্তির দ্বারা প্রয়োজনীয় সীমা পর্যন্ত এই ধরনের কোনো মেধাসম্পদ লঙ্ঘনের দাবির অনুসন্ধান, প্রতিরক্ষা, নিষ্পত্তি এবং ভারমুক্তির জন্য সম্পূর্ণরূপে দায়ী থাকবে।

ঙ. আপনি এবং Remitly স্বীকার করছেন এবং সম্মত হচ্ছেন যে Apple এবং Apple-এর সহযোগী সংস্থাগুলি App Store থেকে সোর্স করা অ্যাপ্লিকেশানের আপনার লাইসেন্সের সাথে সম্পর্কিত এই চুক্তির তৃতীয়-পক্ষের সুবিধাভোগী, এবং আপনি এই চুক্তির নিয়ম ও শর্তাবলী স্বীকার করলে, Apple-এর কাছে তৃতীয় পক্ষের সুবিধাভোগী হিসাবে আপনার App Store থেকে সোর্স করা অ্যাপ্লিকেশনের লাইসেন্সের সাথে সম্পর্কিত এই চুক্তিটি আপনার বিরুদ্ধে কার্যকর করার অধিকার থাকবে (এবং অধিকার গ্রহণ করেছে বলে বিবেচিত হবে)।

চ. এই চুক্তির অন্য কোনো শর্তাবলী সীমাবদ্ধ না করেই, App Store থেকে সোর্স করা অ্যাপ্লিকেশন ব্যবহার করার সময় আপনাকে অবশ্যই সমস্ত প্রযোজ্য তৃতীয় পক্ষের চুক্তির শর্তাবলী মেনে চলতে হবে।